দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ৩১ আগস্ট ২০২৬ ॥ ১৭ রবিঃ আউঃ ১৪৪৮ ॥ ১৭ ভাদ্র ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৮৭ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
....
হে আহলে-কিতাবগণ, কেন তোমরা আল্লাহর কালামকে অস্বীকার কর, অথচ তোমরাই তাঁর প্রবক্তা?

সূরা আল ইমরান ৬৯

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
অ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত বন্ধন

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

স্বাধীন বাংলাদেশে আর কোনো আয়নাঘর থাকবে না: রাষ্ট্রপতি

কীর্তনখোলা রিপোর্ট
রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, এই স্বাধীন বাংলাদেশে আর কোনো আয়নাঘর থাকবে ২ এর পাতায় দেখুন

শিক্ষার্থীদের ভিসাপ্রক্রিয়া সহজ করতে মন্ত্রিপরিষদে বিশেষ কমিটি

কীর্তনখোলা রিপোর্ট
বিদেশে উচ্চশিক্ষায় যেতে আগ্রহী শিক্ষার্থীদের ভিসাপ্রক্রিয়া সহজ করতে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে বিশেষ কমিটি গঠন ২ এর পাতায় দেখুন

মক্কা চুক্তিতে যোগদানে কোনো ঝুঁকি দেখছে না ঢাকা: পররাষ্ট্র প্রতিমন্ত্রী

কীর্তনখোলা রিপোর্ট
মক্কা প্রতিরক্ষা চুক্তি বা মক্কা প্যাক্টে যোগদানে বাংলাদেশ কোনো ঝুঁকি দেখছে না। একই সঙ্গে অন্য অংশীদারদের ২ এর পাতায় দেখুন

সাগর-রুনি হত্যায় এক সাংস্কৃতিক ব্যক্তিত্বের সম্পৃক্ততার তথ্য মিললো

কীর্তনখোলা ডেস্ক
সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যাকাণ্ডের তদন্তে সাংস্কৃতিক অঙ্গনের এক ব্যক্তির সঙ্গে ঘটনার ২ এর পাতায় দেখুন

মিললো না অনুমতি
দিল্লিতে আ.লীগ সংশ্লিষ্টদের সেমিনারের চেষ্টা

কীর্তনখোলা রিপোর্ট
সাউথ এশিয়ার ফরেইন করেসপন্ডেন্টস ক্লাবের (এফসিসি) আয়োজনে ফের ভারতের নয়াদিল্লিতে একটি আন্তর্জাতিক সেমিনার ও সংবাদ সম্মেলনের চেষ্টা করেছে বাংলাদেশে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতা ও সংশ্লিষ্টরা। তবে শেষ মুহূর্তে দিল্লি পুলিশ অনুমতি দিতে সরাসরি অস্বীকৃতি জানানোয় 'ইউরোপ অ্যান্ড এশিয়া: ফ্রম ডায়ালগ টু অ্যা পার্টনারশিপ অ্যান্ড প্রসপারিটি' শীর্ষক এই গুরুত্বপূর্ণ অনুষ্ঠানটি বাতিল করতে বাধ্য হয়েছেন আয়োজকরা। ভারতীয় সংবাদমাধ্যম দ্য প্রিন্টের খবরে বলা হয়, বেলজিয়ামভিত্তিক এনজিও 'হ্যান্ড ইন হ্যান্ড ফাউন্ডেশন'-এর যৌথ উদ্যোগে শনিবার (২৯ আগস্ট) এই সেমিনারের আয়োজন করার কথা ছিল। এই অনুষ্ঠানে বাংলাদেশি আওয়ামী লীগের একজন সদস্য ও রোহিঙ্গা অধিকারকর্মীসহ আন্তর্জাতিক আলোচকদের অংশ নেওয়ার কথা ছিল। আয়োজিত এই ১০ সদস্যের বিশিষ্ট প্যানেলে আলোচক হিসেবে তালিকায় ছিলেন আওয়ামী লীগের তথ্য ও গবেষণা সম্পাদক এবং সাবেক সংসদ সদস্য সেলিম মাহমুদ। এছাড়া ছিলেন যুক্তরাষ্ট্রপ্রবাসী বাংলাদেশি বিজ্ঞানী ও বঙ্গবন্ধু পরিষদের যুক্তরাষ্ট্র শাখার সভাপতি নূরুন নবী, রোহিঙ্গা অধিকারকর্মী রবি আলম এবং নেপালের শিশু অধিকারকর্মী সুন্দর ঘিমিরে। বাংলাদেশে ভারতের সাবেক হাই কমিশনার বীণা সিক্রি, সাবেক জার্মান রাষ্ট্রদূত পিটার ফারেনহোল্টজ, চেক প্রজাতন্ত্রের রাজনীতিক ও ইউরোপীয় পার্লামেন্টের সদস্য ওন্দ্রেজ দোস্তাল, ইউনাইটেড ডিপ্লোম্যাটিক কাউন্সিলের প্রেসিডেন্ট আসিফ ইকবাল, এফসিসি-আইএপিসির চেয়ারম্যান ভেঙ্কট নারায়ণ এবং হ্যান্ড ইন হ্যান্ড ফাউন্ডেশনের সেক্রেটারি জেনারেল এ এফ এম গোলাম জিলানী নামও আলোচকদের তালিকায় দেখা যায়। এফসিসির একজন সদস্য প্রিন্টকে জানিয়েছেন, নিয়মিত প্রক্রিয়ার অংশ হিসেবে গত শুক্রবার সন্ধ্যায় এফসিসির ব্যবস্থাপনা দলের এক কর্মকর্তা তিলক মার্গ থানায় গিয়ে এই অনুষ্ঠানের অনুমতি ও প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থার জন্য অনুরোধ জানান। সেখানে অনুষ্ঠানটির বিস্তারিত তথ্য দেওয়ার পর পুলিশ সরাসরি এই আয়োজনের অনুমতি দিতে অস্বীকৃতি জানায়। এরপরই এফসিসির পক্ষ থেকে তাদের সদস্যদের বিষয়টি জানিয়ে অনুষ্ঠান বাতিলের নোটিশ পাঠানো হয়। নোটিশে বলা হয়, দিল্লি পুলিশ অনুষ্ঠানটি বন্ধ করে দেওয়ায় শেষ মুহূর্তের এই আকস্মিক পরিস্থিতি তাদের নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে। এফসিসি সভাপতি ওয়ায়েল আওয়াদ ক্ষোভ প্রকাশ করে বলেন, 'এটি একটি বুদ্ধিবৃত্তিক আলোচনা ছিল। দিল্লি পুলিশ কেন অনুমতি দেয়নি, তা আমার কাছে স্পষ্ট নই।' প্রতিবেদনে আরও বলা হয়, অবশ্য দিল্লি পুলিশ আনুষ্ঠানিকভাবে এই আয়োজনে কোনো ধরনের হস্তক্ষেপ বা নিষেধাজ্ঞা দেওয়ার অভিযোগ অস্বীকার ২ এর পাতায় দেখুন

ডেঙ্গুতে এক দিনে সর্বোচ্চ আক্রান্ত মৃত্যু ৩

কীর্তনখোলা রিপোর্ট
দেশে ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা বেড়েই চলেছে। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ৯৭ জন, যা এ বছরের মধ্যে সর্বোচ্চ আক্রান্ত। একই সময়ে ডেঙ্গুতে আরও তিনজনের মৃত্যু হয়েছে। রোববার (৩০ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত বুলেটিনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ৯৩ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে শুধু আগস্ট মাসেই মারা গেছেন ৩৯ জন। এ ছাড়া জুলাইয়ে ৩৬ জন, জুনে ১৩ জন, মে মাসে একজন এবং জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের বুলেটিনে জানানো হয়, শনিবার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে ১০৯৭ জন ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছর হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৩৪ হাজার ৬৮৩ জনে। এতে আরও জানানো হয়, গত ২৪ ঘণ্টায় হাসপাতাল থেকে সুস্থ হয়ে ছাড় পেয়েছেন ৭৯৩ জন। এ পর্যন্ত সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৩২ হাজার ১৮৮ জন। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি রোগী ভর্তি হয়েছেন ২ এর পাতায় দেখুন

'আইফোন কিনতে' লাখ টাকায় ছেলেসন্তানকে বিক্রি

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালীর দশমিনায় এক লাখ টাকার বিনিময়ে দেড় বছরের ছেলেসন্তানকে বিক্রি করে দেওয়ার অভিযোগ উঠেছে বাবার বিরুদ্ধে। পরিবারের দাবি, আইফোন কেনার জন্য শিশুটিকে বিক্রি করে দেওয়া হয়। উপজেলার বেতাগী-সানকিপুর ইউনিয়নের মাছুয়াখালী গ্রামের মুন্সিবাড়ি এলাকায় এ ঘটনা ঘটে। অভিযোগ ওঠা বাবার নাম মো. মারুফ। তিনি ওই গ্রামের মফিজ মুন্সির ছেলে এবং পেশায় কাঠমিস্ত্রি। ঘটনার পর তিনি ঢাকায় অবস্থান করছেন বলে পরিবারের সদস্যরা জানিয়েছেন। পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে জানা যায়, শনিবার সকালে মারুফ তার মা মাহফুজা বেগমকে ছেলে মুসাকে সাজিয়ে দিতে বলেন। শিশুটিকে নিয়ে কিছুক্ষণ বাইরে ঘুরে আসবেন এ কথা বলে তিনি বাড়ি থেকে বেরিয়ে যান। কিন্তু সময় গড়িয়ে গেলেও শিশুসহ তিনি বাড়িতে ফেরেননি। এতে স্বজনদের মধ্যে উদ্বেগ তৈরি হয়। তারা বিভিন্ন জায়গায় খোঁজ নিতে শুরু করেন। পরে মোবাইলফোনে মারুফের সঙ্গে পরিবারের সদস্যদের যোগাযোগ হয়। পরিবারের দাবি, তখন মারুফ জানান, দশমিনার আলীপুর ইউনিয়নের রোমানাথসেন গ্রামের ইমরান হোসেনের কাছে তিনি শিশুটিকে লিখিতভাবে দিয়ে দিয়েছেন। এর বিনিময়ে এক লাখ টাকা পেয়েছেন। ২ এর পাতায় দেখুন

বিদ্যুৎ ও জ্বালানি সংকটের জন্য সরকারকে দায়ী না করার আহ্বান নুরের

পটুয়াখালী প্রতিনিধি
বিদ্যুৎ ও জ্বালানি সংকটকে জাতীয় সমস্যা হিসেবে উল্লেখ করে এর জন্য সরকারকে দায়ী না করার আহ্বান জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নুরুল হক নুর। রোববার (৩০ আগস্ট) দুপুর ১টার দিকে পটুয়াখালী রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা (ইপিজেড) প্রকল্প পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। নুরুল হক নুর বলেন, 'দেশের জ্বালানি ও বিদ্যুতের ক্ষেত্রে কিছুটা সংকট রয়েছে। এটি জাতীয় সংকট। ছয় মাসের এই ২ এর পাতায় দেখুন

বিএনপি'র ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষ্যে মহানগর বিএনপি'র আয়োজনের প্রস্তুতিমূলক সভায় বক্তব্য রাখেন বিসিসি প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

ববি শিক্ষককে অবাঞ্ছিত ঘোষণা করে উপাচার্য দপ্তর ঘেরাও

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) কোস্টাল স্টাডিজ অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান, সহযোগী অধ্যাপক হাফিজ আশ্রাফুল হকের পদত্যাগ দাবিতে উপাচার্যের দপ্তর ঘেরাও করে বিক্ষোভ ও অবস্থান কর্মসূচি পালন করছে শিক্ষার্থীরা। রোববার (৩০ আগস্ট) বেলা ১২টার দিকে ওই বিভাগের শিক্ষার্থীরা উপাচার্যের দপ্তরের সামনে জড়ো হয়ে এ কর্মসূচি শুরু করেন। জানা গেছে, শিক্ষা ব্যবস্থাপনায় অব্যবস্থাপনা, পক্ষপাতমূলক আচরণ এবং সেশনজট সৃষ্টির অভিযোগ তুলে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান হাফিজ আশ্রাফুল হককে অবাঞ্ছিত ঘোষণা করেন তারা। এ সময় তারা বিভাগের শিক্ষকের বিরুদ্ধে বিভিন্ন স্লোগান দিয়ে চেয়ারম্যানের পদত্যাগের দাবি জানান। আন্দোলনরত শিক্ষার্থীদের ২ এর পাতায় দেখুন

বরিশাল সেটেলমেন্ট অফিসের 'জরিপ' বাণিজ্যে দিশেহারা জমির মালিকরা

কীর্তনখোলা রিপোর্ট
পৈত্রিক সূত্রে বরিশাল নগরীর ধান গবেষনা এলাকায় সাড়ে ৯ শতাংশ জমি ভোগ দখল করে আসছিলেন মৃত কদম আলী কন্ট্রাক্টরের ছেলে সিরাজুল আলম নয়ন। ওই জমির দলিল থেকে শুরু করে সকল কাগজপত্র তার নামে থাকা সত্ত্বেও তাকে জুলাই মাসে সেটেলমেন্ট অফিস থেকে জমির কাগজপত্রসহ হাজির হওয়ার নোটিশ পাঠানো হয়। নোটিশ পেয়ে দৌড়ঝাপ শুরু করেন সিরাজুল। জানতে পারেন তার জরিপ কেটে সাড়ে ৯ শতাংশ জমির জরীপ দুই নারীর নামে দেয়া হয়েছে। অথচ ওই নারী দুইজন তাদের ওয়ারিশের কেউ না। এমনকি তিনি তাদের চেনেনও না। সিরাজুল দাবি করেন ৫৬ বছর পূর্বে তার বাবা ওই জমি ক্রয় করে ভোগ দখল করে আসছেন। তার মৃত্যুর পর ওয়ারিশ হিসেবে তিনি জমি ভোগ দখল করছেন। তাদের রেকর্ডীয় সকল কাগজপত্র থাকা সত্ত্বেও বরিশাল সেটেলমেন্ট অফিসের কিছু অসাধু লোকজন আর্থিকভাবে লাভবান হয়ে তার সম্পত্তির জরীপের কাগজে ওই দুই নারীকে দিয়ে এখন তাকে হয়রানি করছেন বলে অভিযোগ করেন তিনি। ওই দুই নারী হচ্ছেন : বরিশাল সদর উপজেলার চরহোগলা এলাকার পশুরকাঠী গ্রামের মেহেদী হাসানের স্ত্রী শুভ ২ এর পাতায় দেখুন

বরিশাল-পটুয়াখালী মহাসড়কে মুরগিবোঝাই ট্রাক খাদে, নিহত ১

বাকেরগঞ্জ প্রতিনিধি
বরিশাল-পটুয়াখালী মহাসড়কের খেজুরতলা এলাকায় বয়লার মুরগিবোঝাই একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশের খাদে পড়ে একজন নিহত হয়েছেন। এ ঘটনায় আরও তিনজন আহত হয়েছেন। দুর্ঘটনায় ট্রাকে থাকা প্রায় দুই হাজার বয়লার মুরগিও মারা গেছে বলে জানা গেছে। রবিবার (৩০ আগস্ট) রাত ২টার দিকে বরিশাল-পটুয়াখালী মহাসড়কের খেজুরতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, পটুয়াখালী থেকে প্রায় দুই হাজার বয়লার মুরগি নিয়ে ট্রাকটি ঢাকার উদ্দেশে যাচ্ছিল। খেজুরতলা এলাকায় পৌঁছালে চালক নিয়ন্ত্রণ হারালে ট্রাকটি সড়কের পাশের খাদে পড়ে যায়। এ সময় একটি মেহগনি গাছের সঙ্গে ট্রাকটির সজোরে ধাক্কা লাগে। এতে ট্রাকটি দুমড়েমুচড়ে যায়।দুর্ঘটনায় ট্রাকে ২ এর পাতায় দেখুন

বরিশালে মাউশির নতুন পরিচালক প্রফেসর জাকির হোসেনের যোগদান

কীর্তনখোলা রিপোর্ট
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) বরিশাল আঞ্চলিক কার্যালয়ের নতুন পরিচালক হিসেবে যোগদান করেছেন প্রফেসর মো. জাকির হোসেন। রোববার দুপুর ১২টায় তিনি কার্যালয়ে উপস্থিত হয়ে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেন। গত ২৭ আগস্ট শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের এক প্রজ্ঞাপনের মাধ্যমে প্রফেসর মো. জাকির হোসেনকে মাউশির বরিশাল আঞ্চলিক কার্যালয়ের পরিচালক পদে পদায়ন করা হয়। এর আগে তিনি সরকারি ব্রজমোহন (বিএম) কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক এবং মাউশির বিশেষ ভারপ্রাপ্ত ২ এর পাতায় দেখুন

গতকাল সবচেয়ে কম লোডশেডিং বরিশালে

কীর্তনখোলা রিপোর্ট
সন্ধ্যার পিক আওয়ারে দেশের বিভিন্ন অঞ্চলে মোট ১ হাজার ৯৩৯ মেগাওয়াট লোডশেডিংয়ের পূর্বাভাস দিয়েছে পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি। এর মধ্যে সবচেয়ে বেশি লোডশেডিং হতে পারে ঢাকা জোনে, আর সবচেয়ে কম বরিশালে। রোববার (৩০ আগস্ট) দুপুরে পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসির প্রকাশিত তথ্য বিশ্লেষণ করে এ চিত্র পাওয়া গেছে। পূর্বাভাস অনুযায়ী, রবিবার সন্ধ্যার পিক আওয়ারে ঢাকা জোনে ৫৬৯ মেগাওয়াট লোডশেডিং হতে পারে। শনিবার একই সময়ে ঢাকায় লোডশেডিংয়ের পরিমাণ ছিল ৬৯৮ মেগাওয়াট। এ ছাড়া ময়মনসিংহ ও খুলনা জোনে ২৫০ মেগাওয়াট করে লোডশেডিংয়ের পূর্বাভাস দেওয়া হয়েছে। রাজশাহী ও রংপুর জোনে ২ এর পাতায় দেখুন

বরিশালে বছরে ৩০ হাজার মানুষ ছানি পড়া রোগে আক্রান্ত হচ্ছেন

কীর্তনখোলা রিপোর্ট
দ্য ফ্রেড হলোজ ফাউন্ডেশন বাংলাদেশের সহযোগিতায় 'বরিশাল ভিশন ২০৩০' প্রকল্পের আওতায় 'বরিশাল বিভাগে ছানি পড়া রোগীর সংখ্যা দূরীকরণ: অভিজ্ঞতা বিনিময় ও আলোচনা' বিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে। এ সভায় জানানো হয়, বরিশাল বিভাগে প্রায় ১ কোটি মানুষের বসবাস করলেও শুধুমাত্র বিভাগীয় সদর শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল ছাড়া কোনো সরকারি হাসপাতালের চক্ষু বিভাগে জুনিয়র ও সিনিয়র কনসালটেন্ট নেই। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক'র দপ্তর আয়োজিত এ সভায় বিভাগীয় পরিচালক ডা. মো. রেফায়েতুল হায়দার প্রধান প্রধান অতিথির বক্তব্যে বলেন, চক্ষু চিকিৎসক সংকটে পুরো বিভাগের মানুষ চোখের স্বাস্থ্য সেবা নেয়ার ক্ষেত্রে নানা সমস্যার সম্মুখীন হচ্ছেন। ২ এর পাতায় দেখুন

চাঁদা না দিলেই মামলার অভিযোগ নৌপুলিশের বিরুদ্ধে

পটুয়াখালী প্রতিনিধি
নৌপুলিশের বিরুদ্ধে হয়রানি ও চাঁদাবাজির অভিযোগ তুলে পটুয়াখালীতে মানববন্ধন ও বিক্ষোভ করেছেন ট্রলার চালকরা। তাদের অভিযোগ, ঢাকা থেকে পণ্য নিয়ে পটুয়াখালীর উদ্দেশে আসার পথে নারায়ণগঞ্জসহ বিভিন্ন এলাকায় তাদের কাছ থেকে টাকা দাবি করা হয়। টাকা দিতে অস্বীকৃতি জানালে ২ এর পাতায় দেখুন

ফিতা কেটে সাঁকো উদ্বোধন করলেন বিএনপি নেতা

বরগুনা প্রতিনিধি
বরগুনার বামনায় একটি খালের ওপর স্থানীয়দের অর্থায়নে নির্মিত কাঠের সাঁকো ফিতা কেটে উদ্বোধন করেছেন ডৌয়াতলা ইউনিয়ন বিএনপির আহ্বায়ক রাশেদ খান মামুন। উপজেলার ডৌয়াতলা ইউনিয়নে স্থানীয় বিএনপি নেতাকর্মীদের উপস্থিতিতে এ সাঁকো উদ্বোধন করা হয়। স্থানীয়রা জানান, ডৌয়াতলা ইউনিয়নের হোগলপাতি এলাকার খালের ওপর সাঁকোটি নির্মাণ করা হয়। ওই খালের ওপর একটি লোহার সেতু ছিলো। সেটি পরিত্যক্ত হয়ে খালে ধসে পড়ে আছে। ফলে এই এলাকার মানুষের চলাচলে দুর্ভোগ পোহাতে হয়। এ কারণে স্থানীয়দের ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

অ্যাপভিত্তিক ঋণে প্রতারণা

অত্যাধুনিক নানা প্রযুক্তির ব্যবহারের ফলে আমাদের চলাফেরা অনেক সহজ হয়েছে। অফিস-আদালতের কাজ থেকে শুরু করে দৈনন্দিন প্রতিটি কাজে লেগেছে প্রযুক্তির ছোঁয়া। এতে সময় যেমন বেঁচেছে, কাজেও এসেছে গতি। সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন অ্যাপ এখন অনেকের দীর্ঘ সময়ের সঙ্গী হয়ে দাঁড়িয়েছে। কিন্তু উদ্বেগের বিষয় হলো, এই প্রযুক্তিই এখন প্রতারকচক্রের কাছে মোক্ষম হাতিয়ার হয়ে উঠেছে। প্রকাশিত এক প্রতিবেদনে জানা গেছে, মোবাইলে অ্যাপভিত্তিক ঋণ নিয়ে বহু মানুষ প্রতারিত হচ্ছে। বেশ কিছু অ্যাপ পরিচালনার ক্ষেত্রে ধরাবাঁধা আইন মানছে না, এসবের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়াও বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। খবরে বলা হয়েছে, অ্যাপগুলো সাধারণত অল্প সময়ের মধ্যে ঋণ দেওয়ার প্রলোভন দিয়ে থাকে। সাধারণ লোকজনও সহজে ঋণ পাওয়ার আশায় এসব অ্যাপের দ্বারস্থ হয়। ঋণ প্রদানের অংশ হিসেবে নানা তথ্য যুক্ত করতে হয়। এর পরই অ্যাপ কর্তৃপক্ষ আর কথামতো আচরণ করে না। নানা অজুহাতে অতিরিক্ত টাকা দাবি করে থাকে। আবার কেউ যদি সেই টাকা দিতে না চায়, তাহলে ব্যক্তিগত তথ্য ছড়িয়ে দেওয়ার হুমকি দেওয়াসহ নানাভাবে জিম্মি করা হয়। এমন এক ভুক্তভোগী রাজধানী মিরপুরের সাঈদ মিয়া। জরুরি প্রয়োজনে তিনি একটি অ্যাপ থেকে ২৪ হাজার টাকা ঋণ নেন। এক সপ্তাহ পরই অ্যাপে সুদসহ তাঁর বকেয়া দেখানো হয় ৮১ হাজার টাকা। এরপর তিনি ৫৪ হাজার টাকা পরিশোধ করেন। বাকি অর্থ দিতে অস্বীকৃতি জানালে তাঁর ছবি বিকৃত করে ছড়িয়ে দেওয়া হয়। শুধু সাঈদ মিয়া নন, এমন প্রতারণার শিকার বহু মানুষ। অ্যাপগুলো ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে নিজেদের প্রচার-প্রসার করে থাকে। আকর্ষণীয় বিজ্ঞাপন ঝুলিয়ে মানুষের সামনে তুলে ধরা হয়। আর্থিক অনটনে থাকা মানুষ এসব ফাঁদে পা দেয়। খবরে একটি অ্যাপের কথা উল্লেখ করা হয়েছে, যেটির পরিচালনাকারীদের নির্দিষ্ট কার্যালয় বা স্থায়ী ঠিকানা পর্যন্ত নেই। অথচ গত বছরের সেপ্টেম্বরে প্লে স্টোরে আসা অ্যাপটি এখন পর্যন্ত পাঁচ লাখের বেশিবার ডাউনলোড করা হয়েছে। জানা গেছে, বাজারে অন্তত ৩০টি অ্যাপ রয়েছে, যারা ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করে থাকে। অথচ অনুমোদন ছাড়া ঋণ বিতরণ এবং নিবন্ধিত প্রতিষ্ঠান ছাড়া আর্থিক সেবার প্ল্যাটফর্ম পরিচালনা করা আইনসিদ্ধ নয়। বিশেষজ্ঞরা বলছেন, দেশে বৈধভাবে ঋণ দেওয়ার সুযোগ রয়েছে ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও অনুমোদিত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের। বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে, গত জুন মাসে ব্যাংক ব্যবস্থায় বেসরকারি খাতে বিতরণ করা ঋণের পরিমাণ ছিল ১৮ লাখ ২৫ হাজার কোটি টাকা। আর মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির (এমআরএ) ২০২৪ সালের জুনের হিসাব অনুযায়ী, ক্ষুদ্রঋণের স্থিতি ছিল দুই লাখ ৬২ হাজার কোটি টাকা। তবে বৈধ ঋণদাতার বাইরে জরুরি প্রয়োজনে দ্রুত ও সহজে ঋণ পাওয়ার যে চাহিদা রয়েছে, সেটিকেই কাজে লাগাচ্ছে অননুমোদিত অ্যাপগুলো। বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান যথার্থই বলেছেন, 'অ্যাপভিত্তিক ঋণ প্রতারণা ক্যাশলেস বাংলাদেশ গড়ার পথে বড় প্রতিবন্ধকতা। এ ধরনের প্রতারণা থেকে বাঁচতে সবকিছুর আগে সচেতনতা নিশ্চিত করতে হবে।' আমরা মনে করি, এই যুগে প্রযুক্তির ব্যবহার আরো নিরাপদ ও গ্রাহকবান্ধব হিসেবে গড়ে তুলতে হবে। যেসব অ্যাপের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ রয়েছে, অভিযোগগুলো অবশ্যই খতিয়ে দেখা দরকার, অপরাধ প্রমাণিত হলে সেগুলোর কার্যক্রম বন্ধ করাই যুক্তিযুক্ত। একই সঙ্গে অননুমোদিত অ্যাপগুলোর বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

বরিশাল সেটেলমেন্ট অফিসের 'জরিপ'

আক্তার এবং বরিশাল সদর উপজেলা চরমোনাই এলাকার রাজারচর গ্রামের বাসিন্দা মনির হোসেনের স্ত্রী রাহিমা। যা জরিপের কাগজে উল্লেখ রয়েছে। সিরাজুল বলেন, একই স্থানের আরো ২১ জনের ৫টি দাগের মোট ৬৩ শতাংশ জমি ওই দুই নারীসহ সাতজনের নামে জরীপে দেয়া হয়। সাতজনের মধ্যে সেটেলমেন্ট অফিসের দালাল আলমগীর হোসেন, ছেনোয়ারা বেগম, সেলিম ও সোহাগের নাম রয়েছে। অথচ ওই জমি বছরের পর বছর ধরে তারা ভোগ দখল করে আসছেন। সিরাজুলেল অভিযোগ এর সাথে জড়িত রয়েছে বরিশাল সেটেলমেন্ট অফিসের চার্জ অফিসার ফজলে এলাহী, পেশকার মো. রফিক, সার্ভেয়ার মো. ইদ্রিসসহ বড় একটি চক্র। তারা জোটবদ্ধ হয়ে বিভিন্ন মানুষের রেকর্ডীয় সম্পত্তি এভাবে ভূয়া নামে জরীপে অন্তর্ভূক্ত করে আসছেন। এ জন্য তাদের কাছ থেকে বড় অংকের টাকা নেন তারা। তাছাড়া এ ধরনের কাজ করার পর যারা রেকর্ডীয়ভাবে জমির মালিক তাদের সেটেলমেন্ট অফিসে মামলা করতে হয়। সেই মামলা দায়ের করলে তারা বড় অংকের টাকা দাবি করেন। এরপর সেই মামলা শেষ করে জমি ফিরিয়ে আনতে বছরের পর বছর কেটে যায়। যাদের পিছনে শক্তি থাকে তারা জমি ফিরিয়ে আনতে পারেন। আর যাদের কোন ধরনের শক্তি থাকে না শেষ পর্যন্ত তাদের জমি ওই চক্রটি নিয়ে তা বিক্রি করে ফায়দা লোটে। সিরাজুল আরো বলেন, আমাদের দলিল থেকে শুরু করে পর্চাও রয়েছে। এরপরও সেটেলমেন্ট অফিসের ওই চক্রটি একটি জমিখেকো চক্রের সাথে যুক্ত হয়ে এ ধরনের কাজ করে আসছেন বছরের পর বছর ধরে। তাদের বিরুদ্ধে অভিযোগ দেয়া হলেও তারা থাকেন বহাল তবিয়তে। কারন চক্রটির কাজ থেকে সেখানকার উর্ধতন কর্মকর্তারাও বড় অংকের টাকা নেন বলে তিনি জানতে পেরেছেন। সিরাজুল বলেন বরিশাল সেটেলমেন্ট অফিসে আল্লাহর গজব পড়বে। তারা যেভাবে মানুষকে হয়রানি করছে তা ভাষায় প্রকাশ করা যাবে না। তিনি (সিরাজুল) থেকে শুরু করে যারা এর ভুক্তভোগী সকলের ঘুম এখন হারাম হয়ে গেছে। তারা এখন কিভাবে ওই নাম কেটে সেটেলমেন্ট অফিস থেকে বের হয়ে আসবেন সে চিন্তায় পড়েছেন। সিরাজুল, শামসুল আলম ও হারুনসহ ভুক্তভোগীরা বলেন, স্বাধীনতার পূর্ব থেকেই ওই জমি ভোগ দখল করে আসছেন তাদের বাবা-দাদা। তাদের মৃত্যুর পর ওয়ারিশ সূত্রে তারা মালিকানা পান। এরপর তাদের নামে রেকর্ড, পর্চা এবং দলিল তৈরী হয়। সেই জমির বড় একটি অংশ জরীপে অন্যের নামে দেয়া হয়। আর যাদের নামে জমি দেয়া হয়েছে তারা তাদের কোন ওয়ারিশ না। এমনকি তাদের পরিচয়ও তারা জানেন না। তাদের নামের সাথে মোবাইল নম্বর ব্যবহার করা হয়েছে তাতে কলা করা হলে কেউ রিসিভ করেন না। এমনকি ঠিকানা নিয়ে তাদের সাথে দেখা করতে গিয়েও পাওয়া যায়নি। অভিযোগকারীদের ধারণা বরিশাল সেটেলমেন্ট অফিসের ওই চক্রটি জমি দখল করতে তাদের ব্যবহার করছেন। এভাবে বরিশালে নগরী থেকে শুরু করে সদর উপজেলা এবং বরিশাল জেলার দশ উপজেলার রেকর্ডীয় সম্পত্তি অন্যের নামে দেয়ার ভুরি ভুরি অভিযোগ রয়েছে সেটেলমেন্ট অফিসের কর্মরতদের বিরুদ্ধে। এরপর মামলা দায়ের করলে সেখান থেকে ছুটে আসতে বছরের পর বছর লেগে যায়। এর ভূরি ভুরি প্রমান রয়েছে। তাদের প্রশ্ন রেকর্ডীয় সম্পত্তির সকল কাগজপত্র সেটেলমেন্ট অফিসে রয়েছে। এরপরও তারা কেন টাকার বিনিময়ে মানুষকে এভাবে হয়রানি করছে। তারা বলেন, ইতিপূর্বে একইভাবে যে সকল রেকর্ডীয় সম্পত্তি জরিপের নামে কেটে নেয়া হয়েছে তার বিরুদ্ধে মামলা দায়ের করে বছরের পর বছর চক্কর কাটছেন বহু লোক। ইতিপূর্বে তাদের জমির মূল্যের চেয়ে বেশী টাকাও খরচ করেছেন। আর হয়রানি শিকার হতে হচ্ছে পদে পদে। এ থেকে পরিত্রান পেতে সরকারের নিকট আকুল আবেদন জানান তারা। একইভাবে ভুক্তভোগী বরিশালের আগৈলঝাড়ার বাসিন্দা ৭৫ বছর বয়সী বৃদ্ধ আব্দুস সত্তার মিয়া বলেন, ২০০৪ সালে উপজেলার বাগধা মৌজার তার পৈত্রিক সম্পত্তির ২৩ শতাংশ জমি জরীপে পার্শ্ববর্তী জমির মালিকদের দেয়া হয়। অথচ ওই জমি তার বাবা-দাদা ভোগ দখল করে আসছে। তাদের মৃত্যুর পর তিনিসহ তার ভাইবোনরা ভোগ দখল করছেন। তাদের রেকর্ডীয় সম্পত্তি হওয়া সত্ত্বেও বরিশাল সেটেলমেন্ট অফিসের চক্রটি টাকার বিনিময়ে তার জমির বড় একটি অংশ অনে জমিতে ঢুকিয়ে দেন। এ নিয়ে তিনি ২২ বছর ধরে জমি উদ্ধারে মামলা চালিয়ে আসছেন। মামলা থেকে পরিত্রান পেতে ঢাকা পর্যন্ত দৌড়ঝাপ করেছেন। কিন্তু আজ পর্যন্ত জমি ফিরিয়ে আনতে পারেননি। জমির পিছনে দৌড়াতে দৌড়াতে তিনি এখন ক্যান্সারে আক্রান্ত হয়েছেন। এখন মামলা চালাবেন নাকি তার সুস্থতার জন্য চিকিৎসা করাবেন। ওই সময়ের মধ্যে তার ১০ লাখ টাকার উপরে খরচ হয়েছে। এ সময় তাকে আগৈলঝাড়া থেকে বরিশালে আসা এবং থাকা খাওয়া এবং সেটেলমেন্ট অফিসের লোকজনকে ঘুষ বাবদ টাকা দিতে হয়েছে। এরপরও অবৈধভাবে কেটে নেয়া তার জমি আজো তিনি উদ্ধার করতে পারেননি। তিনি সরকারের নিকট দাবি করেন যারা এর সাথে জড়িত তাদের আইনের আওতায় আনা হলে এ ধরনের হয়রানি থেকে সাধারন মানুষ রেহাই পাবে। এভাবে অগনিত মানুষ রয়েছে যাদের রেকর্ডীয় সম্পত্তি থাকা সত্ত্বেও তারা বছরের পর বছর বরিশাল সেটেলমেন্ট অফিস চক্কর কাটছেন একই কারণে। অভিযুক্ত সার্ভেয়ার ইদ্রিস বলেন, জরীপে যাদের নামে দেয়া হয়েছে তাদের আবেদনের প্রেক্ষিতে সেটেলমেন্ট অফিস থেকে রায় দেয়ার পর জরীপে অন্তর্ভূক্ত করা হয়। রেকর্ডীয় সম্পত্তি কিভাবে অন্যের নামে জরীপ দেয়া হলো এর সদুত্তর তিনি দিতে পারেননি। আপনাদের বিরুদ্ধে এ ধরনের ভুরি ভুরি অভিযোগ রয়েছে রেকর্ডীয় সম্পত্তি নিয়ে মানুষকে হয়রানির করার। এরপর সংযোগ কেটে দেন সার্ভেয়ার ইদ্রিস। তারপর তার ব্যবহৃত নম্বরে একাধিকবার কল দেয়া হলেও তিনি রিসিভ করেননি। এ ব্যাপারে বরিশাল জোনাল সেটেলমেন্ট অফিসার মৃধা মো: মোজাহিদুল ইসলাম বলেন, মাঠ পর্যায়ে অফিসের কিছু দুষ্ট লোক রয়েছে যারা এ ধরনের কাজ করতে পারেন। এ জন্য জমির মালিকরা কাগজপত্র দেখিয়ে তার রেকর্ডীয় সম্পত্তি এর প্রমান দিতে পারলে তারা মামলা থেকে তাকে পরিত্রান দেন। কিন্তু এ ধরনের কোন নজির আছে কিনা প্রশ্ন করা হলে তিনি বলেন, বরিশালের এক গণমাধ্যম কর্মীর জমি এভাবে কেটে নেয়া হয়েছিল তা তাকে আবার ফেরতে দেয়া হয়েছে। তিনি স্বিকার করেন, যারা এ কাজ করেন তারা খুব শক্তিশালী হয়ে থাকেন। এ কারনে জমির কাগজপত্র থাকা সত্ত্বেও অনেক সময় তা ফেরত দিয়ে আইনের দ্বারস্থ হতে হয়। তিনি বারবার উচ্চারন করেন তার অফিসের দুষ্ট প্রকৃতির লোকজন এ কাজ করেন। তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হয়েছি কিনা জানতে চাইলে কোন উত্তর আসেনি। এরপর যার জমি জরীপে অন্যের নামে দেয়া হয়েছে তাকে (সিরাজুল আলম) তার কাছে পাঠানোর অনুরোধ জানান জোনাল কর্মকর্তা। পরবর্তীতে ৪ থেকে ৫ দিন ঘুরে তার দেখা পেলেও সিরাজুল আলমকে কোন কথাই বলতে দেয়া হয়নি। সে ওই গণমাধ্যম কর্মীর পরিচয় দিলেও তা অগ্রাহ্য করে তার রুম থেকে চলে যেতে বলেন।

বরিশাল-পটুয়াখালী মহাসড়কে

থাকা ব্যক্তিদের মধ্যে সবুজ নামে একজন ঘটনাস্থলেই মারা যান। নিহত সবুজ মাদারীপুর সদর থানার মৃত মোমিনের ছেলে বলে জানিয়েছেন হাইওয়ে পুলিশের এসআই শাহাদৎ হোসেন। একই ঘটনায় আরও তিনজন আহত হয়েছেন। দুর্ঘটনার পর স্থানীয় বাসিন্দারা ঘটনাস্থলে ছুটে এসে আহতদের উদ্ধার করেন। পরে তাদের বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। খবর পেয়ে হাইওয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দুর্ঘটনাকবলিত ট্রাকটি উদ্ধার করে। এদিকে ট্রাকটি খাদে পড়ে যাওয়ায় ভেতরে থাকা প্রায় দুই হাজার বয়লার মুরগি মারা যায়। এতে সংশ্লিষ্ট ব্যবসায়ীর বড় ধরনের আর্থিক ক্ষতি হয়েছে বলে জানা গেছে। প্রাথমিকভাবে চালকের নিয়ন্ত্রণ হারানো কিংবা অতিরিক্ত গতির কারণে দুর্ঘটনাটি ঘটে থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে। তবে দুর্ঘটনার প্রকৃত কারণ তদন্তের পর নিশ্চিত হওয়া যাবে বলে জানিয়েছে সংশ্লিষ্টরা। হাইওয়ে পুলিশ জানিয়েছে, নিহতের পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় আইনি প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

বরিশালে মাউশির নতুন পরিচালক

কর্মকর্তা (ওএসডি) হিসেবে দায়িত্ব পালন করেন। নবাগত পরিচালকের যোগদান উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সরকারি ব্রজমোহন কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর মহিউদ্দিন চৌধুরী, মাউশির উপপরিচালক নাজমুল ইসলাম এবং সহকারী পরিচালক ড. মো. শামিম আহসান উপস্থিত ছিলেন। এছাড়া বরিশাল অঞ্চলের বিভিন্ন সরকারি ও বেসরকারি কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত থেকে নবনিযুক্ত পরিচালককে শুভেচ্ছা ও স্বাগত জানান। সরকারি বিএম কলেজ ইংলিশ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে নবনিযুক্ত পরিচালক প্রফেসর মো. জাকির হোসেনকে শুভেচ্ছা জানাতে সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এ সময় মো. মঈন উদ্দীন খান, মো. সাজ্জাদুর রহমান ও ইমন তাঁকে ফুলেল শুভেচ্ছা জানান। যোগদানের পর প্রফেসর জাকির হোসেন মাউশির বরিশাল আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় করেন। এ সময় তিনি বরিশাল অঞ্চলের মাধ্যমিক ও উচ্চশিক্ষা ব্যবস্থার মানোন্নয়ন, শিক্ষার গুণগত পরিবেশ নিশ্চিতকরণ এবং প্রশাসনিক কার্যক্রম আরও গতিশীল করতে সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন।

গতকাল সবচেয়ে কম

২০০ মেগাওয়াট করে এবং চট্টগ্রাম ও কুমিল্লা জোনে ১৫০ মেগাওয়াট করে লোডশেডিং হতে পারে। অন্যদিকে, সিলেট জোনে ১০০ মেগাওয়াট এবং বরিশাল জোনে ৭০ মেগাওয়াট লোডশেডিংয়ের পূর্বাভাস রয়েছে। অর্থাৎ, রবিবার সন্ধ্যার পিক আওয়ারে লোডশেডিংয়ের সবচেয়ে বেশি চাপ পড়েছে ঢাকা জোনে। বিপরীতে সবচেয়ে কম লোডশেডিং হওয়ার সম্ভাবনা ছিলো বরিশাল জোনে।

বিদ্যুৎ ও জ্বালানি সংকটের জন্য সরকারকে

সরকার এসে বিদ্যুৎ ও জ্বালানির জটিলতা তৈরি করেনি। তাই এ বিষয়টিকে কেন্দ্র করে রাজনৈতিকভাবে ভুল পথে আন্দোলন-সংগ্রাম করে দেশে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করা কারো জন্যই মঙ্গলজনক হবে না।' তিনি বলেন, 'জুলাই পরবর্তী সময়ে যারা সরকারে আছেন এবং যারা বিরোধী দলে রয়েছেন, প্রত্যেকেরই দায়িত্বশীল ভূমিকা পালন করা প্রয়োজন। নীতিগত বিষয়ে আলোচনা-সমালোচনা থাকতে পারে। কিন্তু সেটিকে কেন্দ্র করে এমন কোনো কর্মসূচি নেওয়া উচিত নয়, যার কারণে দেশ বড় ধরনের ক্ষতির মুখে পড়ে।' বর্তমান সরকারের বিভিন্ন উদ্যোগ তুলে ধরে প্রতিমন্ত্রী বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান যেভাবে গ্রামাঞ্চলে ঘুরে মানুষকে ঐক্যবদ্ধ করে রাষ্ট্র বিনির্মাণে ভূমিকা রেখেছিলেন, তার যোগ্য উত্তরসূরি হিসেবে প্রধানমন্ত্রী তারেক রহমানও দলমত নির্বিশেষে মানুষকে সঙ্গে নিয়ে দেশকে এগিয়ে নেওয়ার চেষ্টা করছেন। তিনি বলেন, আমরা মনে করি, এই সরকারের মাধ্যমে আগামী পাঁচ বছরে দেশকে একটি সঠিক গন্তব্যে অনেক দূর এগিয়ে নেওয়া সম্ভব। হয়ত পাঁচ বছরে সবকিছু পুরোপুরি পরিবর্তন করা সম্ভব নয়, তবে একটি মানসম্মত জায়গায় দেশকে দাঁড় করানো সম্ভব। দুর্নীতি দমন ও জবাবদিহিতা প্রসঙ্গে নুরুল হক নুর বলেন, বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থানে রয়েছে। জনগণের কাছে সরকারের জবাবদিহিতা নিশ্চিত করার পাশাপাশি বিভিন্ন উন্নয়ন প্রকল্প যাচাই-বাছাই করা হচ্ছে। প্রতিমন্ত্রী আরও বলেন, জনগণের কল্যাণে বাংলাদেশকে এগিয়ে নেওয়ার যে দায়িত্ব সরকার নিয়েছে, আগামী পাঁচ বছরে তা বাস্তবায়নে কাজ করা হবে।

ববি শিক্ষককে অবাঞ্ছিত ঘোষণা

অভিযোগ, দীর্ঘদিন ধরে বিভাগের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রমে নানা ধরনের অব্যবস্থাপনা চলছে। এসব সমস্যা নিরসনে বিভাগীয় চেয়ারম্যান কার্যকর ভূমিকা রাখতে ব্যর্থ হয়েছেন। তাদের অভিযোগ, বিভাগে পক্ষপাতমূলক শিক্ষাব্যবস্থা চালু রয়েছে এবং সেশনজটসহ বিভিন্ন সমস্যার জন্য বর্তমান চেয়ারম্যান দায়ী। শিক্ষার্থীরা জানান, দীর্ঘদিন ধরে এসব সমস্যা সমাধানের চেষ্টা করেও কোনো কার্যকর প্রতিকার পাওয়া যায়নি। এ কারণে তারা চেয়ারম্যান হাফিজ আশ্রাফুল হককে বিভাগে অবাঞ্ছিত ঘোষণা করে তার পদত্যাগ দাবিতে আন্দোলন করছেন। কর্মসূচির অংশ হিসেবে শিক্ষার্থীরা উপাচার্যের দপ্তরের সামনে অবস্থান নিয়ে দ্রুত চেয়ারম্যানের পদত্যাগ নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন। একই সঙ্গে বিভাগের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ও সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের দাবি জানান। তাদের দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার হুঁশিয়ারি দেন তারা। এ প্রসঙ্গে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মামুন উর রশিদ বলেন, 'আমি বর্তমানে খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ে অবস্থান করছি। শিক্ষার্থীদের আন্দোলনের বিষয়টি অবগত হয়েছি। তবে ইতোপূর্বে শিক্ষার্থীরা বিভাগের চেয়ারম্যানের বিরুদ্ধে কোনো অভিযোগ দেননি। সোমবার সকালে শিক্ষার্থীদের নিয়ে বসে বিষয়টি সমাধান করা হবে।'

ডেঙ্গুতে এক দিনে

ঢাকা বিভাগে, ৪৫৯ জন। এ ছাড়া খুলনা বিভাগে ২৪৩ জন, বরিশালে ১২৩, চট্টগ্রামে ১১৬, ময়মনসিংহে ৮১ এবং রাজশাহীতে ৭৬ জন হাসপাতালে ভর্তি হয়েছেন।

'আইফোন কিনতে' লাখ

পরিবারের অভিযোগ, শিশুটিকে দেওয়ার পর পাওয়া টাকা দিয়ে মারুফ ঢাকায় গিয়ে একটি পুরোনো আইফোন পরিবর্তন করে নতুন আইফোন কেনেন। শিশুটির দাদি মাহফুজা বেগম বলেন, প্রায় চার বছর আগে মারুফ সাভারে থেকে বৃষ্টি নামের এক তরুণীকে বিয়ে করেন। তাদের ঘরে প্রায় তিন বছর পর মুসার জন্ম হয়। প্রায় এক মাস আগে পারিবারিক বিরোধের জেরে বৃষ্টি বাবার বাড়িতে চলে যান। এরপর মারুফও ঢাকায় চলে যান। শুক্রবার (২৮ আগস্ট) সন্ধ্যার আগে তিনি বাড়িতে ফেরেন। মাহফুজা বেগম বলেন, 'শনিবার সকালে আমাকে নাতিকে জামা-কাপড় পরিয়ে দিতে বলে মারুফ। সে বলেছিল, মুসাকে নিয়ে বাজারে যাবে। পরে অনেক সময় পার হলেও তারা ফিরে আসেনি। খোঁজ নিতে গিয়ে জানতে পারি, নাতিকে অন্যের কাছে দিয়ে দেওয়া হয়েছে টাকার বিনিময়ে। সেই টাকা দিয়ে আইফোন কিনেছে। আমি আমার নাতিকে ফিরে পেতে চাই।' এদিকে শিশুটিকে নেওয়া ইমরান হোসেনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, মারুফ আগে থেকেই তার কাছে শিশুটিকে দেওয়ার কথা বলে আসছিলেন। তার শ্বশুরের পাঁচ মেয়ে থাকলেও কোনো ছেলেসন্তান নেই। এ কারণে আলোচনার পর শিশুটিকে তার কাছে রাখা হয়েছে বলে দাবি করেন তিনি। তবে এ ঘটনায় টাকা লেনদেনের বিষয়টি এখনো নিশ্চিত নয় বলে জানিয়েছে পুলিশ। দশমিনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আতিকুল ইসলাম বলেন, 'বাচ্চার বাবা যার কাছে শিশুটিকে রেখে গেছেন, সেখান থেকে তাকে উদ্ধারের কার্যক্রম চলছে। পাশাপাশি শিশুটির বাবাকে ঢাকা থেকে আনার চেষ্টা করা হচ্ছে।' ওসি আরও বলেন, 'এখানে টাকা-পয়সা লেনদেন হয়েছে কি না, সেটি এখনো নিশ্চিত নয়। কারণ এই ছোট শিশুটির বাবা-মায়ের মধ্যে ভালো সম্পর্ক নেই।'

দিল্লিতে আ.লীগ সংশ্লিষ্টদের

করেছে। নয়াদিল্লির ডেপুটি পুলিশ কমিশনার (ডিসিপি) শচীন শর্মা দাবি করেছেন, এফসিসির কোনো প্যানেল আলোচনা বা অনুষ্ঠান আয়োজনের জন্য পুলিশের আগাম অনুমতির প্রয়োজন হয় না এবং পুলিশ তাদের কর্মসূচিতে কোনো ধরনের হস্তক্ষেপ করেনি। তবে পুলিশের এই দাবির বিপরীত চিত্র মিলেছে গণমাধ্যমের হাতে আসা একটি অফিশিয়াল নথিতে। তিলক মার্গ থানার সিলমোহরযুক্ত ওই নথিতে পরিষ্কারভাবে লেখা রয়েছে, তথ্যের ভিত্তিতে কিছু সংবেদনশীল বিতর্কের সৃষ্টি হতে পারে বিধায় এই কর্মসূচির অনুমতি দেওয়া যাচ্ছে না। মূলত এফসিসির সহকারী ব্যবস্থাপক সংবাদ সম্মেলনের জন্য অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়াতে পর্যাপ্ত পুলিশ মোতায়েন ও নিরাপত্তা চেয়ে যে আবেদনটি করেছিলেন, তার জবাবেই পুলিশ এই লিখিত আদেশ দেয়। এফসিসির একটি সূত্রের বরাতে প্রিন্টের প্রতিবেদনে বলা হয়, গত ৫ আগস্ট এই ক্লাবে বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিতর্কিত সংবাদ সম্মেলনের পর সৃষ্ট পরিস্থিতির কারণেই হয়তো পুলিশ এবার এমন কঠোর অবস্থান নিয়েছে। ওই সংবাদ সম্মেলনে শেখ হাসিনা আগামী ডিসেম্বরের মধ্যে বাংলাদেশে ফেরার ঘোষণা দিয়েছিলেন। নয়াদিল্লিতে হাসিনাকে এমন একটি প্ল্যাটফর্ম দেওয়ায় ভারত সরকারকে বাংলাদেশ সরকারের তীব্র সমালোচনার মুখোমুখি হতে হয়েছিল। প্রতিবেদনে বলা হয়, চলমান পরিস্থিতিতে এই সেমিনারের প্যানেলে আওয়ামী লীগের একজন নেতা এবং রোহিঙ্গা ইস্যুতে কর্মরত একজন থাকায় সম্ভাব্য নতুন বিতর্ক ও কূটনৈতিক টানাপোড়েন এড়াতে এবার অনুমতি দেয়নি দিল্লি পুলিশ।

সাগর-রুনি হত্যায় এক

যোগসূত্র পাওয়ার কথা জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তবে ওই ব্যক্তির নাম-পরিচয় প্রকাশ করেননি তিনি। রোববার (৩০ আগস্ট) নিজ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে চিফ প্রসিকিউটর বলেন, সাগর-রুনি হত্যা মামলার তদন্ত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা করছে না। মামলাটির তদন্ত করছে অন্য একটি সংস্থা। তিনি বলেন, কোনো মামলার তদন্ত করতে গিয়ে তদন্ত সংস্থা কখনো কখনো অন্য ঘটনার সঙ্গে সম্পর্কিত কিছু তথ্য বা ক্লু পেয়ে যায়। সাগর-রুনি হত্যা মামলার ক্ষেত্রেও তেমন কিছু তথ্য পাওয়া গেছে। সাগর-রুনি হত্যার ব্যাপারেও ক্লু পেয়েছি, সেটার নাম-পরিচয় প্রকাশ করতে পারছি না। তথ্য যাচাই-বাছাই করে দেখা হচ্ছে এবং সংশ্লিষ্ট ব্যক্তির ওপর নজরদারি রয়েছে। তবে এটুকু বলতে পারি একজন সাংস্কৃতিক ব্যক্তিত্ব, তার সঙ্গে সাগর-রুনির এই ঘটনার সঙ্গে কানেকশন পাওয়া যায়-বলেন চিফ প্রসিকিউটর। তবে তিনি ওই ব্যক্তির সঙ্গে হত্যাকাণ্ডের সম্পর্কের প্রকৃতি বা কী ধরনের তথ্যের ভিত্তিতে এমন যোগসূত্র পাওয়া গেছে, সে বিষয়ে বিস্তারিত জানাননি। চিফ প্রসিকিউটর বলেন, আরও তদন্তের পর যদি অথেনটিক বা নির্ভরযোগ্য কোনো তথ্য পাওয়া যায়, তাহলে তা সাগর-রুনি হত্যা মামলার তদন্তকারী সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাকে দেওয়া হবে। তিনি বলেন, আমরা সেগুলো যাচাই-বাছাই করে দেখছি। তার ওপর আমাদের নজরদারি আছে। আরও তদন্ত হওয়ার পরে আরও অথেনটিক কোনো কিছু পাওয়া গেলে পিবিআইয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাকে তথ্য দিয়ে সহায়তা করবো। সাগর সরওয়ার ও মেহেরুন রুনি ২০১২ সালের ১১ ফেব্রুয়ারি রাজধানীর পশ্চিম রাজাবাজারের ভাড়া বাসায় খুন হন। দীর্ঘ সময় ধরে মামলাটির তদন্ত নিয়ে নানা প্রশ্ন ও অনিশ্চয়তা রয়েছে। চিফ প্রসিকিউটর একই সঙ্গে সাগর-রুনি হত্যা মামলার বিচারিক এখতিয়ার নিয়েও স্পষ্ট করেন। তার ভাষায়, এটা একটা ইনডিভিজুয়াল মার্ডার কেস। এটা সংশ্লিষ্ট দায়রা আদালতে বিচার হবে। অর্থাৎ, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে এই মামলার বিচার হওয়ার সুযোগ নেই বলেই জানান তিনি। তার বক্তব্য অনুযায়ী, সাগর-রুনি হত্যা মামলার বিচার সংশ্লিষ্ট সাধারণ ফৌজদারি আদালতেই হবে।

মক্কা চুক্তিতে যোগদানে

সঙ্গে বাংলাদেশের দ্বিপক্ষীয় সম্পর্কে এই চুক্তি বাধা হয়ে দাঁড়াবে না বলেও জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী (১) হুমায়ুন কবির। রোববার ঢাকায় দায়িত্বপ্রাপ্ত সৌদি রাষ্ট্রদূত ড. আবদুল্লাহ জাফর বিন আবিয়াহ পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে এলে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, এটি একটি ব্যতিক্রমী চুক্তি, যা নতুন নানা সম্ভাবনার দ্বার উন্মোচন করছে। প্রস্তাবিত চুক্তিটিকে বাংলাদেশ 'ইতিবাচক' দৃষ্টিভঙ্গি থেকে দেখছে উল্লেখ করে তিনি বলেন, 'বিষয়টি নিয়ে আমরা বর্তমানে আলোচনা চালিয়ে যাচ্ছি এবং আমাদের সব দ্বিপক্ষীয় অংশীদারের সঙ্গেই এই আলোচনা ইতিবাচক গতিতে এগোচ্ছে।' উল্লেখ্য, সৌদি আরব, পাকিস্তান ও তুরস্ককে নিয়ে চলতি বছরের ৭ আগস্ট আনুষ্ঠানিকভাবে 'মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তি' বা 'মক্কা প্যাক্ট' স্বাক্ষরিত হয়। প্রস্তাবিত এই নিরাপত্তা জোটে যোগ দিলে বাংলাদেশের সম্ভাব্য কোনো কূটনৈতিক বা কৌশলগত ঝুঁকি সৃষ্টি হবে কি না সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী জানান, আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে ভারসাম্য বজায় রেখে ঢাকা একটি সমন্বিত ও নমনীয় পররাষ্ট্র ও নিরাপত্তানীতি অনুসরণ করবে। প্রতিমন্ত্রী বলেন, 'বর্তমান আন্তর্জাতিক রাজনৈতিক বাস্তবতার সঙ্গে সামঞ্জস্য রেখে বাংলাদেশের মতো দেশকে অত্যন্ত সমন্বিত ও নমনীয় কৌশল নিয়ে পররাষ্ট্রনীতি ও নিরাপত্তা সহযোগিতার পথে এগোতে হবে। এই নমনীয় কৌশলের আলোকেই আমরা আমাদের আন্তর্জাতিক সম্পর্কে ভারসাম্য রক্ষা করব এবং এই প্রতিরক্ষা জোটে সম্ভাব্য অন্তর্ভুক্তিতে বাংলাদেশের জন্য কোনো ঝুঁকি তৈরি হবে না।' পররাষ্ট্র প্রতিমন্ত্রী উল্লেখ করেন, বর্তমান অস্থির ও সংকটময় বৈশ্বিক রাজনৈতিক পরিবেশের মধ্যে কোনো বিশেষ একটি সহযোগিতার ক্ষেত্রে যুক্ত হওয়ার অর্থ এই নয় যে, সেটি বাংলাদেশের পররাষ্ট্রনীতির বিকল্পগুলোকে সীমিত করে ফেলবে কিংবা অন্য জোট ও সহযোগীদের সঙ্গে সম্পর্ক তৈরিতে বাধা দেবে। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, 'আজকের এই সংকটপ্রবণ আন্তর্জাতিক রাজনৈতিক প্রেক্ষাপটে সুনির্দিষ্ট কোনো একটি অঞ্চলে বা ক্ষেত্রে যুক্ত থাকার মানে অন্য কোনো জোট বা ক্ষেত্রে ভূমিকা রাখার সুযোগ হারিয়ে যাওয়া নয়। এটি আমাদের কাজের পরিধিকে মোটেই সংকুচিত করে না।' আন্তর্জাতিক শান্তিরক্ষায় বাংলাদেশের প্রতিশ্রুতির কথা পুনরুল্লেখ করে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, যেখানেই অভিজ্ঞতা ও দক্ষতার মাধ্যমে শান্তি ও স্থিতিশীলতায় অবদান রাখার সুযোগ থাকবে, বাংলাদেশ সেখানেই যুক্ত থাকবে। বাংলাদেশ বৈশ্বিক শান্তি ও স্থিতিশীলতার পক্ষে। তাই, যেখানেই শান্তি ও স্থিতিশীলতা নিশ্চিত করা প্রধান লক্ষ্য হবে, বাংলাদেশ সব সময় সেখানেই ভূমিকা রাখবে।

শিক্ষার্থীদের ভিসাপ্রক্রিয়া সহজ

করা হয়েছে বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। রোববার (৩০ আগস্ট) পররাষ্ট্রমন্ত্রী ও চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েনের সঙ্গে বৈঠক শেষে মন্ত্রী এসব কথা জানান। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার্থীদের ভিসা পেতে আগের তুলনায় সমস্যা কমেছে। দেশের শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়ন এবং চীন থেকে দক্ষ শিক্ষক আনতে ভিসা প্রক্রিয়া আরও সহজতর করার উদ্যোগ নেওয়া হয়েছে। সম্প্রতি চীন সফরে শিক্ষার্থীদের কারিগরি দক্ষতা উন্নয়নে বিশেষ সম্ভাবনার পরিকল্পনা করা হয়েছে জানিয়ে ড. এহছানুল হক মিলন বলেন, এ উদ্যোগের অংশ হিসেবে শিক্ষকদের ভাষাগত দক্ষতা বাড়াতেও চীনের সঙ্গে শিক্ষক বিনিময় কর্মসূচি চালু করবে সরকার। শিক্ষামন্ত্রী বলেন, আগামী এক থেকে দেড় মাসের মধ্যে চীনের সঙ্গে শিক্ষাখাতে এক্সচেঞ্জ প্রোগ্রামের কার্যক্রম দৃশ্যমান হবে। এর মাধ্যমে শিক্ষার্থী ও শিক্ষকদের দক্ষতা উন্নয়নের পাশাপাশি দুই দেশের মধ্যে শিক্ষা সহযোগিতা আরও বাড়বে। সভায় পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান, প্রধানমন্ত্রীর প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা মন্ত্রণালয়বিষয়ক উপদেষ্টা ড. মাহদী আমিন ও ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন অংশ নেন।

স্বাধীন বাংলাদেশে আর

না। রোববার (৩০ আগস্ট) বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে রাষ্ট্রপতি একথা বলেন। গুম প্রতিরোধ দিবস উপলক্ষে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, কোনো মাকে সন্তানের জন্য কিংবা কোনো স্ত্রীকে স্বামীর জন্য চোখের পানি ফেলতে হবে না। প্রতিটি গুমের ঘটনার সঙ্গে জড়িত অপরাধী সে যত বড় ক্ষমতাবানই হোক না কেন তাকে বিচারের মুখোমুখি করা হবে। আইনের সর্বোচ্চ শাস্তি তাদের পেতেই হবে। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী, আইনমন্ত্রী এবং প্রতিমন্ত্রী ইশরাক হোসেন। অনুষ্ঠানে সংসদ সদস্য, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সচিব, গুম সংক্রান্ত তদন্ত কমিশনের চেয়ারম্যান ও সদস্য, গুমের শিকার ব্যক্তি ও তাদের পরিবারের সদস্য, সাংবাদিক এবং গণমাধ্যমের প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন। রাষ্ট্রপতি বলেন, ৩০ আগস্ট এমন একটি দিন, যা বাংলাদেশসহ সারা বিশ্বে জোরপূর্বক গুমের শিকার মানুষদের স্মরণ করার পাশাপাশি তাদের স্বজনদের দীর্ঘ অপেক্ষা, বেদনা ও অনিশ্চয়তার কথা মনে করিয়ে দেয়। দিনের পর দিন, বছরের পর বছর সন্তান ও স্বজনের ফিরে আসার অপেক্ষায় থাকা মা-বাবা, ভাই-বোন এবং প্রিয়জনদের কথা স্মরণ করে তিনি গভীর সমবেদনা ও আন্তরিক সহমর্মিতা জানান। গুমকে সাধারণ অপরাধ নয়, মানবতাবিরোধী অপরাধ হিসেবে উল্লেখ করেন রাষ্ট্রপতি। তিনি বলেন, গুম শুধু একজন মানুষকে কেড়ে নেয় না, কেড়ে নেয় প্রিয়জনদের হাসি, শান্তি, স্বপ্ন এবং অর্থনৈতিক-সামাজিক স্থিতি। এটি একটি জঘন্য মানবাধিকার লঙ্ঘন। সংবিধান প্রত্যেক নাগরিকের জীবন, ব্যক্তি স্বাধীনতা, আইনের সুরক্ষা ও মানবিক মর্যাদার নিশ্চয়তা দিয়েছে। কিন্তু গুমের মাধ্যমে কার্যত এসব অধিকার একসঙ্গে লঙ্ঘন করা হয়। রাষ্ট্রপতি বলেন, বিগত দেড় দশকে ফ্যাসিবাদী সরকারের আমলে গুম ও গোপন বন্দিশালা 'আয়নাঘর'-এর দুঃসহ থাবা বাংলাদেশের বুকে চেপে বসেছিল। অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ, ভিন্নমত প্রকাশ কিংবা গণতান্ত্রিক অধিকার আদায়ের জন্য আন্দোলন করলেই অনেককে তুলে নিয়ে যাওয়া, গুম করা এবং গোপনে হত্যা করা হয়েছে। তার ভাষ্য, ফ্যাসিস্টের আজ্ঞাবহ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো এসব গুরুতর অপরাধ সবসময় অস্বীকার করে গেছে। বিএনপি নেতা ইলিয়াস আলী, ওয়ার্ড কমিশনার চৌধুরী আলম এবং একটি ওয়ার্ডের সাধারণ সম্পাদক সাজেদুল ইসলাম সুমনসহ অসংখ্য মানুষের কথা স্মরণ করেন রাষ্ট্রপতি। তাদের পরিবারের প্রতিটি রাত বুকভরা বেদনা, অনিশ্চয়তা ও অপেক্ষার মধ্য দিয়ে কেটেছে বলে উল্লেখ করেন তিনি। আইনজীবী ব্যারিস্টার আরমান, অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল আজমীসহ ভিন্ন মতাবলম্বী, কর্মকর্তা, লেখক, সাংবাদিক, সমাজকর্মী, এমনকি গৃহবধূ ও সাধারণ নাগরিকদের বছরের পর বছর অন্ধকার, দমবন্ধ, আলো-বাতাসহীন 'আয়নাঘরে' আটকে রাখা হয়েছিল বলেও উল্লেখ করেন রাষ্ট্রপতি। তিনি বলেন, মঞ্চে উপবিষ্ট স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদকেও গুম করে বিদেশে ফেলে আসা হয়েছিল। তাদের মধ্যে কেউ কেউ সৌভাগ্যক্রমে সমাজের মাঝে ফিরে এসেছেন। তবে দেশে আজও এমন বহু মানুষ আছেন, যারা এখনো ফিরে আসেননি।

ফিতা কেটে সাঁকো উদ্বোধন

অর্থায়নে গাছ দিয়ে প্রায় ৪০ ফুট সাঁকো নির্মাণ করা হয়। সাঁকো উদ্বোধন অনুষ্ঠানে বিএনপির নেতাকর্মীসহ স্থানীয় বাসিন্দারা উপস্থিত ছিলেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায় ,বিএনপি নেতা রাশেদ খান মামুন কাঁচি হাতে লাল ফিতা কাটছেন। এসময় তার পেছনে স্থানীয় বিএনপি নেতাকর্মীরা দাঁড়িয়ে ছিলেন। জানতে চাইলে বিএনপির নেতা রাশেদ খান মামুন বলেন, স্থানীয় বাসিন্দারা নিজেদের উদ্যোগে নানা প্রজাতির গাছ সংগ্রহ করে নিজেদের অর্থায়নে সাঁকোটি নির্মাণ করেছে। আমিও পাঁচ হাজার টাকা দিয়েছি। এখানে একটি লোহার সেতু ছিলো, সেটি ভেঙে পড়ে আছে। তিনি আরও বলেন, আমাদের চিপ হুইপ নুরুল ইসলাম মনি ভাই বলেছেন, এখানে একটি সেতু করা হবে। সাঁকোটি সাময়িক সময়ের জন্য করা হয়েছে।

চাঁদা না দিলেই মামলার

মামলা দিয়ে হয়রানি করা হয়। রোববার (৩০ আগস্ট) দুপুরে পটুয়াখালী জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে ঢাকা-পটুয়াখালী নৌপথে চলাচলকারী ট্রলার চালকদের উদ্যোগে এ কর্মসূচি পালিত হয়। এতে শতাধিক ট্রলার চালক অংশ নেন। মানববন্ধনে চালকরা বলেন, বিভিন্ন ধরনের পণ্য পরিবহনের সময় নৌপথের বিভিন্ন এলাকায় তাদের নানাভাবে হয়রানি করা হচ্ছে। বিশেষ করে নারায়ণগঞ্জ এলাকায় নৌ পুলিশের বিরুদ্ধে টাকা দাবির অভিযোগ করেন তারা। টাকা না দিলে মিথ্যা মামলায় জড়ানোর কারণে অনেক সময় দূর-দূরান্তে গিয়ে মামলার বিষয় মোকাবিলা করতে হয়। এতে সময় ও অর্থ দুই দিক থেকেই বড় ধরনের ক্ষতির মুখে পড়ছেন তারা। ট্রলারচালক জহিরুল গাজী বলেন, 'ঢাকা থেকে বিভিন্ন মালামাল নিয়ে আসার সময় নারায়ণগঞ্জসহ বিভিন্ন জায়গায় নৌ পুলিশ আমাদের কাছ থেকে চাঁদা নেয়। চাঁদা দিতে না চাইলে মিথ্যা মামলা দেওয়া হয়। পরে ওই মামলায় হাজিরা দিতে বিভিন্ন জায়গায় যেতে হয়। এতে আমাদের লাখ লাখ টাকা ক্ষতি হচ্ছে।' 'এমভি রাবনা বাদ'র চালক আসলাম মৃধা বলেন, 'ছোটবেলা থেকেই ট্রলার চালাই। দীর্ঘদিন ধরে এ পথে বিভিন্ন মালামাল পরিবহন করছি। কিন্তু সাম্প্রতিক সময়ে চাঁদাবাজি ও হয়রানির কারণে আমাদের অনেক ক্ষতি হচ্ছে।' পরে মানববন্ধনকারীরা একটি বিক্ষোভ মিছিল বের করেন। মিছিল শেষে নৌ পুলিশের হয়রানি ও চাঁদাবাজি বন্ধের দাবিতে পটুয়াখালী পুলিশ সুপার বরাবর স্মারকলিপি দেওয়া হয়।

বরিশালে বছরে ৩০ হাজার মানুষ

অথচ এ বিভাগে বছরে প্রায় ৩০ হাজার মানুষ চোখে ছানি পড়া সমস্যায় আক্রান্ত হচ্ছেন। এসময় তিনি দ্য ফ্রেড হলোজ ফাউন্ডেশন বাংলাদেশের প্রতিনিধিদের তিনি বলেন, স্বাস্থ্য বিভাগে কাজ করতে গিয়ে তারা যদি কোনো সমস্যার মুখোমুখি হন, তাহলে সরকারের পক্ষ থেকে বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয় সবসময় সহযোগিতার জন্য প্রস্তুত রয়েছে। বিভাগীয় পরিচালক দ্য ফ্রেড হলোজ ফাউন্ডেশন বাংলাদেশের এ প্রকল্পটি খুব গুরুত্বপূর্ণ উল্লেখ করে বরিশাল বিভাগের প্রান্তিক জনগোষ্ঠীকে চক্ষুসেবা দিতে সরকারি প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে কাজ করারও অনুরোধ করেন। তিনি বিভাগের সব জেলায় এ সেবাকে সম্প্রসারিত করারও আহ্বান জানান। এসময় বিভাগীয় স্বাস্থ্য পরিচালক বাচ্চাদের সেলফোন দেখার ক্ষতিকর দিক তুলে ধরে চক্ষুসেবা কেন্দ্রগুলোতে ভিশন স্ক্রিনিং বাড়ানোরও তাগিদ দেন। সভায় দ্য ফ্রেড হলোজ ফাউন্ডেশনের দক্ষিণ এশিয়া ও মধ্যপ্রাচ্যের ক্লাস্টার পরিচালক মুসাব্বির আলম জানান, ২০১২ সাল থেকে দ্যা ফ্রেড হলোজ ফাউন্ডেশন বাংলাদেশের বরিশাল বিভাগে কাজ করছে। ২০২৫ সাল পর্যন্ত এই ফাউন্ডেশনের সহযোগিতায় বিভাগের প্রায় ৬০ হাজার ছানিপড়া রোগীর অপারেশন সম্পন্ন হয়েছে। ২০৩০ সালের মধ্যে বরিশাল জেলা ব্যতীত বিভাগের বাকি ৫ জেলায় ছানি দূরীকরণের কার্যক্রম সম্প্রসারিত করা হবে বলেও তিনি উল্লেখ করেন। অনুষ্ঠানে শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতালের প্রিন্সিপাল অধ্যাপক ডা. মো. আনোয়ার হোসেন বাবলু ও চক্ষু বিভাগের প্রধান ডা. মো. শফিকুল ইসলাম বিশেষ অতিথির বক্তব্য রাখেন। এ সভায় বিভিন্ন জেলার সিভিল সার্জন, উপজেলা মেডিকেল অফিসার, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

আমতলীতে কাজ চলমান অবস্থায় ১২'কোটি

আহবান করে। অভিযোগ রয়েছে মেয়র মতিয়ার রহমান অতি গোপনে ঝালকাঠির ইসলাম ব্রাদার্স নামের এক ঠিকাদারী প্রতিষ্ঠানকে এ কাজ দেয়। কিন্তু নামে মাত্র ঠিকাদারী প্রতিষ্ঠানকে কাজ দেয়া হলেও সমুদয় কাজ করেন ফ্যাসিষ্ট আওয়ামীলীগ দোসর মেয়র মতিয়ার রহমান। ২০২৪ সালের ৩০ জুলাই এ কাজ শুরু হওয়ার কথা থাকলেও তা সম্ভব হয়নি। শেখ হাসিনার পতনের পর মেয়র মতিয়ার রহমান স্ব-পরিবারে পালিয়ে যায়। গত দুই বছরেও তিনি এলাকায় আসেনি। কিন্তু ২০২৪ সালের ২৫ অক্টোবর এ কাজের উদ্বোধন করেন তৎকালীন আমতলী উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ আশরাফুল আলম। কাজের শুরুতেই তিনি (ইউএনও) দেখেন প্রকল্পের ব্যয় ধরা হয়েছে দ্বিগুন। পরে তিনি এ ব্যয় কমিয়ে অর্ধেকে আনেন। এতে ক্ষুব্ধ হয়ে ঠিকাদার মতিয়ার রহমান কাজ বন্ধ করে দেন। অভিযোগ রয়েছে কাজের শুরুতেই ঠিকাদার অনিয়মের আশ্রয় নেন। তিনি নিম্নমানের নির্মাণ সামগ্রী দিয়ে কাজ শুরু করেন। এতে স্থানীয় লোকজন ক্ষুব্দ হন। আরো অভিযোগ রয়েছে সাবেক আমতলী উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকনুজ্জামান খাঁন ও সদ্য বিদায়ী উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ জাফর আরিফ চৌধুরীর সঙ্গে ঠিকাদার মতিয়ার রহমান আতাত করে কাজ করেন। স্থানীয়দের অভিযোগ, যারা এ কাজ তদারকি করবেন তারাই মতিয়ার রহমানের একান্ত ঘনিষ্টজন। তাই তিনি (মতিয়ার রহমান) ইচ্ছে মাফিক কাজ করেছেন। নিম্নমানের কাজের বিষয়ে ইউএনও মোঃ রোকনুজ্জামান ও জাফর আরিফ চৌধুরীর কাছে জানানো হলেও তারা কোন ব্যবস্থা নেয়নি। নিম্নমানের নির্মাণ সামগ্রী দিয়ে কাজ করায় রবিবার সকালে নির্মাণকালীন সময়ে লেকের ওয়াকওয়ে ড্রোপওয়াল ধসে পরেছে। খবর পেয়ে স্থানীয় লোকজন জড়ো হলে ঠিকাদারের লোকজন ধসে যাওয়া স্থান পলিথিন দিয়ে ঢেকে দেন। সাংবাদিকরা ওয়াকওয়ে ড্রোপওয়াল ধসে যাওয়ার তথ্য ও ছবি সংগ্রহ করতে গেলে ঠিকাদার মতিয়ার রহমানের ম্যানেজার শ্যামল চন্দ্র, ব্যক্তিগত সহকারী পান্নু মোল্লা ও তাদের সহযোগীরা ছবি তুলতে বাঁধা দেন এবং অসৌজন্যমুলক আচরণ করেন এমন অভিযোগ সাংবাদিক নাসরিন শিপু, রিমন ও রাসেলের। স্থানীয় শাহীন, নুরুল ইসলাম ও সাইদুজ্জামান বলেন, শুরুতেই ঠিকাদার নিম্নমানের নির্মাণ সামগ্রী দিয়ে কাজ করে আসছেন। এ নিয়ে স্থানীয়রা বেশ কয়েকবার ইউএনওর কাছে জানালেও তারা কোন ব্যবস্থা নেয়নি। এখনতো অনিয়মের সত্যতা মিলে গেছে। দ্রুত তদন্ত করে কাজে অনিয়মের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার দাবী তাদের। ঠিকাদারী প্রতিষ্ঠান ইসলাম ব্রাদার্সের মালিক মোঃ খাইরুল আজাদ বলেন- লাইসেন্স দিয়েছি তা সত্য কিন্তু কাজ করেন সাবেক মেয়র মতিয়ার রহমান। ওইখানে আমার কিছুই নেই। আমি এ বিষয়ে কিছুই জানিনা। এ বিষয়ে আমতলী উপজেলা নিষিদ্ধ ঘোষিত আওয়ামীলীগ সভাপতি সাবেক পৌর মেয়র মতিয়ার রহমানের মুঠোফোনে (০১৭১৩৩৮৯৬৬) যোগাযোগ করা হলে তাকে পাওয়া যায়নি। আমতলী পৌরসভার নির্বাহী প্রকৌশলী মোঃ মশিউর রহমান ওয়াকওয়ের ড্রোপওয়াল ধসে পরার কথা স্বীকার করে বলেন, মূল পিলারে বা পাইলিংয়ে কোনো সমস্যা হয়নি। সেন্টারিংয়ের কাঠ বা ঠেলা (সাপোর্ট) খুলে যাওয়ার কারণে ঢালাইয়ের অংশটি কিছুটা ধসে পরেছে। তিনি আরো বলেন, যে অংশটিতে সমস্যা হয়েছে, সেটির কাজ আপাতত বন্ধ রাখা হয়েছে। আমতলী উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) মোঃ আশরাফুল ইসলাম বলেন, এ বিষয়ে খোজ খবর নিয়ে দ্রুত ব্যবস্থা নেয়া হবে।

মেহেন্দিগঞ্জে ৫ কেজি গাঁজা ও

হয়। মেহেন্দিগঞ্জ থানার *অফিসার ইনচার্জ মো. মমিন উদ্দিন*-এর নেতৃত্বে এসআই (নিরস্ত্র) *মো. রুবেল খান* ও সঙ্গীয় ফোর্স রাজাপুর এলাকায় অবস্থান নেয়। গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারেন কয়েকজন মাদক কারবারি মাদক ক্রয়-বিক্রয়ের উদ্দেশ্যে একত্রিত হয়েছে। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টা করেও ব্যর্থ হয় তারা। পরে তল্লাশি চালিয়ে তাদের কাছ থেকে বিপুল পরিমাণ মাদকদ্রব্য উদ্ধার করা হয়। অভিযানে উদ্ধার করা হয়: গাঁজা*: ৫ কেজি, ইয়াবা ট্যাবলেট ৫০ পিস, নগদ টাকা: ৬,৩৩০ টাকা, মাদক পরিবহনে ব্যবহৃত: ১টি বাজ মোটরসাইকেল। গ্রেফতারকৃতরা হলেন: মো. মোস্তফা বেপারী (৪), পিতা- মৃত ফজলে করিম বেপারী, সাং- রাজাপুর, দক্ষিণ উলানিয়া ইউনিয়ন, মো. রাসেদ সরদার (৩৮), পিতা- মৃত কাঞ্চন সরদার, মাতা- রানু বেগম, সাং- দাদপুর মধ্যকান্দি, ৬নং ওয়ার্ড, মো. মফিজ ঢালী (৩৫), পিতা- মৃত কাশেম ঢালী, মাতা- সেলিমা বেগম, সাং- দাদপুর মধ্যকান্দি, ৬নং ওয়ার্ড, রাজিব (২৯), পিতা- মৃত হারুন অর রশিদ, মাতা- জুলেখা বেগম, সাং- রাজাপুর, ১নং ওয়ার্ড, উলানিয়া ইউনিয়ন। পুলিশ জানায়, গ্রেফতারকৃতদের মধ্যে মোস্তফা বেপারী এলাকার পরিচিত মাদক ব্যবসায়ী। তার বসতবাড়ির সামনের পাকা রাস্তার উপর থেকেই তাদের আটক করা হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেন্দিগঞ্জ থানায় একটি মামলা রুজু করা হয়েছে। গ্রেফতারকৃতদের আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে। ওসি মো. মমিন উদ্দিন বলেন, "মাদকের বিরুদ্ধে আমাদের অভিযান অব্যাহত থাকবে। সমাজ থেকে মাদক নির্মূলে আমরা জিরো টলারেন্স নীতিতে কাজ করছি। স্থানীয়রা এই অভিযানকে স্বাগত জানিয়েছেন। তাদের দাবি, এমন অভিযান নিয়মিত হলে যুবসমাজ মাদকের ভয়াবহতা থেকে রক্ষা পাবে।

বিএনপি নেতা ইসহাক হত্যা মামলায়

করেন। আদালতে দেওয়া আবেদনে তদন্ত কর্মকর্তা উল্লেখ করেন, ২০২৪ সালের গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের দিন শেখ হাসিনাসহ দলটির শীর্ষ নেতাদের নির্দেশে আন্দোলনকারীদের ওপর নির্বিচারে গুলি চালানো হয়। ওই সময় গুলিবিদ্ধ হয়ে নিহত হন ইসহাক জোমাদ্দার। মামলার সুষ্ঠু তদন্ত ও আসামি যাতে জামিনে মুক্তি পেয়ে আত্মগোপনে যেতে না পারেন, সে জন্য তাকে এই মামলায় গ্রেফতার দেখানো প্রয়োজন। শুনানি শেষে আদালত আবেদন মঞ্জুর করেন। মামলার বিবরণ থেকে জানা যায়, নিহত ইসহাক জোমাদ্দার (৫০) আদাবর থানার ৩০ নম্বর ওয়ার্ড বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ছিলেন। গত ৫ আগস্ট বিকেলে আদাবর থানার শ্যামলী ক্লাব মাঠের বিপরীত পাশে আন্দোলন চলাকালে তিনি গুলিবিদ্ধ হন। গুরুতর অবস্থায় তাকে শহীদ সোহরাওয়ার্দী মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। ব্যারিস্টার শাহজাহান ওমর বর্তমানে কারাগারে রয়েছেন। তার বিরুদ্ধে রাজধানীর নিউমার্কেট থানা, ঝালকাঠির রাজাপুর থানাসহ বিভিন্ন থানায় হত্যা, দুর্নীতি ও বিস্ফোরক আইনে একাধিক মামলা বিচারাধীন রয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। শাহজাহান ওমর বিএনপির সাবেক ভাইস চেয়ারম্যান ছিলেন। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ঠিক আগে তিনি বিএনপি ছেড়ে আওয়ামী লীগে যোগ দেন এবং নৌকা প্রতীক নিয়ে সংসদ সদস্য নির্বাচিত হন।

বাউফলে উপজেলা উন্নয়ন

এবং বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় উপজেলার চলমান বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের অগ্রগতি, সরকারি সেবার মান এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। এ সময় ইউএনও সালেহ আহমেদ সরকারি দপ্তরের কর্মকর্তাদের পাশাপাশি ইউনিয়ন পরিষদের প্রতিনিধিদের কাছ থেকে নিজ নিজ এলাকার উন্নয়ন কর্মকাণ্ডের খোঁজখবর নেন। তিনি সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড যথাযথভাবে ও স্বচ্ছতার সঙ্গে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। একই সঙ্গে সরকারি সেবার ক্ষেত্রে সাধারণ মানুষের ভোগান্তি কমানো এবং উন্নয়ন প্রকল্পের গুণগত মান নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন। এর আগে সকাল ১০টায় একই স্থানে উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়। ইউএনও সালেহ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি, অপরাধ দমন এবং জননিরাপত্তাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সোহাগ মিলু, উপজেলা কৃষি কর্মকর্তা মিলন, বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম, বাউফল প্রেসক্লাবের সভাপতি জলিলুর রহমানসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা এবং বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

চাঁদাবাজি মামলায় বহিষ্কৃত

মাটি কেটে ইটভাটায় বিক্রিসহ বিভিন্ন অপকর্মের সঙ্গে রাসেল ও তার সহযোগীরা জড়িত ছিলেন। এসব কর্মকাণ্ডের কারণে সাধারণ মানুষ অনেকটা জিম্মি হয়ে পড়েছিলেন বলেও অভিযোগ রয়েছে। অভিযোগ রয়েছে, সম্প্রতি লাহারহাট ফেরিঘাটের ইজারাদার সাইফুল ইসলাম খানের কাছে ২ লাখ টাকা চাঁদা দাবি করেন রাসেল। চাঁদা দিতে অস্বীকৃতি জানালে তার সহযোগীরা ইজারাদারসহ কয়েকজনের ওপর হামলা চালায়। এতে পাঁচজন গুরুতর আহত হন বলে জানা গেছে। এ ঘটনায় ইজারাদার সাইফুল ইসলাম খান বাদী হয়ে বন্দর থানায় চাঁদাবাজির মামলা করেন। মামলা দায়েরের পর থেকে রাসেল আত্মগোপনে ছিলেন। পরে ওই মামলায় অভিযান চালিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় এলাকা থেকে তাকে গ্রেফতার করে বন্দর থানা পুলিশ। গ্রেফতারের পর তাকে আইনগত প্রক্রিয়ার মাধ্যমে আদালতে পাঠানোর প্রস্তুতি চলছে। তবে রাসেলের বিরুদ্ধে ওঠা অন্যান্য অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আনুষ্ঠানিক বক্তব্য পাওয়া যায়নি। এসব অভিযোগের সত্যতা তদন্তসাপেক্ষ।

বাউফলে যুবদল নেতাকে

জানা যায়, শনিবার রাতে রমিজ মৃধা স্থানীয় বেল্লাল মল্লিকের দোকানের পাশে দাঁড়িয়ে মোবাইল ফোনে কথা বলছিলেন। এ সময় প্রতিবেশী জিসান মৃধা (২০) সেখানে ধারালো অস্ত্র হাতে উপস্থিত হয়ে এলোপাতাড়ি কোপাতে শুরু করেন তাকে। এতে রমিজের শরীরের বিভিন্ন স্থানে জখম হয় এবং তার এক হাতের রগ কেটে যায়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর অতিরিক্ত রক্তক্ষরণ ও হাতের রগ ক্ষতিগ্রস্ত হওয়ায় উন্নত চিকিৎসার জন্য তাকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে (শেবাচিম) পাঠানো হয়। বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দায়িত্বরত চিকিৎসক মামুনুর রশিদ জানান, আহতের হাতে ধারালো অস্ত্রের আঘাত রয়েছে। এতে অতিরিক্ত রক্তক্ষরণ হয়েছে। ধারণা করা হচ্ছে, তার হাতের রগ ক্ষতিগ্রস্ত হয়েছে। বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এ ঘটনায় এখন পর্যন্ত কোনও লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

২৯ দিনে রেমিট্যান্স

কেন্দ্রীয় ব্যাংকের তথ্য অনুযায়ী, চলতি বছরের আগস্টের ২৯ দিনে রেমিট্যান্স প্রবাহে গত বছরের একই সময়ের তুলনায় বড় ধরনের প্রবৃদ্ধি হয়েছে। ২০২৫ সালের ১ থেকে ২৯ আগস্ট দেশে রেমিট্যান্স এসেছিল ২১৮ কোটি ২০ লাখ ডলার। আর চলতি বছরে একই সময়ে এসেছে ২৬৬ কোটি ৯০ লাখ ডলার। সেই হিসাবে এক বছরের ব্যবধানে এবার রেমিট্যান্স বেড়েছে ২২ দশমিক ৩০ শতাংশ বা ৪৮ কোটি ৭০ লাখ ডলার। এদিকে, চলতি ২০২৬-২৭ অর্থবছরের ১ জুলাই থেকে ২৯ আগস্ট পর্যন্ত দেশে মোট ৫৫২ কোটি ৭০ লাখ ডলারের রেমিট্যান্স এসেছে। গত অর্থবছরের একই সময়ে এসেছিল ৪৬৬ কোটি ডলার। অর্থাৎ এক বছরের ব্যবধানে অর্থবছরের শুরু থেকে ২৯ আগস্ট পর্যন্ত রেমিট্যান্স প্রবাহ বেড়েছে ১৮ দশমিক ৬ শতাংশ বা ৮৬ কোটি ৭০ লাখ ডলার। ব্যাংকারদের মতে, বৈধ পথে অর্থ পাঠানোর ক্ষেত্রে প্রবাসীদের আগ্রহ বৃদ্ধি, ব্যাংকিং সেবার সহজলভ্যতা এবং রেমিট্যান্স পাঠানোর প্রক্রিয়া আরও সহজ হওয়ায় দেশে প্রবাসী আয় বাড়ছে। এ ধারা অব্যাহত থাকলে সামনের দিনগুলোতে রেমিট্যান্স প্রবাহ আরও শক্তিশালী হওয়ার সম্ভাবনা রয়েছে।

২১ বছরের সাজা এড়াতে

এর মিডিয়া অফিসার লেফটেন্যান্ট কমান্ডার শাহরিয়ার রিফাত অভি বিষয়টি নিশ্চিত করে বলেন, রোববার রাতে র‍্যাব-২ এর সহযোগিতায় মোহাম্মদপুর থেকে র‍্যাব-৮ এর সদর কোম্পানির একটি টিম বিশেষ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। তিনি আরও বলেন, গ্রেফতার সোলাইমান হাওলাদারের বিরুদ্ধে ঢাকা মহানগরীর হাজারীবাগ থানায় ২০১৬ সালে অস্ত্র আইনে একটি মামলা হয়। ওই মামলা তাকে ২১ বছরের কারাদণ্ড প্রদান করেন আদালত। তবে রায় ঘোষণার সময় তিনি পলাতক ছিলেন। এজন্য আদালত তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। শাহরিয়ার রিফাত অভি বলেন, আইনি ব্যবস্থা গ্রহণের জন্য তাকে ডিএমপির মোহাম্মদপুর থানায় হস্তান্তর করা হয়েছে। গ্রেপ্তারি পরোয়ানা তামিলকারী কর্মকর্তা আসামিকে গ্রেপ্তারের জন্য র‍্যাব-৮ অধিনায়ক বরাবর একটি অধিযাচনপত্র প্রেরণ করেন। এর পরিপ্রেক্ষিতে র‍্যাব-৮ গোয়েন্দা তথ্যের ভিত্তিতে এবং তথ্য প্রযুক্তির সহায়তায় সাজাপ্রাপ্ত আসামিকে গ্রেফতার করতে সক্ষম হয়।

হিজলা পল্লী বিদ্যুৎ সমিতির

দাবি জানিয়েছেন তিনি। অভিযোগকারী উপজেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করে বলেন, বিষয়টি সরেজমিনে যাচাই করে মিটারের প্রকৃত রিডিং, বিল প্রস্তুতের তথ্য ও সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা করা হোক। একই সঙ্গে অতিরিক্ত ইউনিটের হিসাব সঠিক হলে সংশোধন এবং কোনো অনিয়মের প্রমাণ পাওয়া গেলে দায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানান তিনি। এ বিষয়ে হিজলা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের বক্তব্য পাওয়া গেলে তা পরবর্তী প্রতিবেদনে তুলে ধরা হবে।

এখনো সন্ধান মেলেনি

ও আরাফাত মনপুরা বাংলাবাজার নূরানি মাদ্রাসার দ্বিতীয় জামায়াতের ছাত্র। গত শুক্রবার বিকেলে তারা বাংলাবাজার কলেজ মাঠে খেলতে যায়। খেলা শেষে তারা বাড়িতে না ফেরায় পরিবারের সদস্যরা আত্মীয়স্বজনসহ বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি শুরু করেন। পরদিন শনিবার (২৯ আগস্ট) বিকেল সাড়ে ৪টার দিকে স্থানীয়দের মাধ্যমে খবর পেয়ে পাশের একটি এলাকা থেকে খেলাধুলারত অবস্থায় তাদের উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া শিশু জুনায়েদের বাবা মো. নাজিমুদ্দিন মঞ্জু বলেন, 'শুক্রবার বিকেলে আমার ছেলে জুনায়েদ ও আরাফাত বাংলাবাজার কলেজ মাঠে খেলতে যায়। এরপর তারা আর বাসায় ফেরেনি। বিভিন্ন জায়গায় খোঁজ করেও তাদের সন্ধান পাইনি। শনিবার বিকেল সাড়ে ৪টার দিকে জানতে পারি, পাশের এলাকার একটি বাড়িতে তারা রয়েছে। পরে সেখান থেকে তাদের উদ্ধার করা হয়।' অন্যদিকে নিখোঁজ হাবিবুর রহমানের বাবা মো. কামাল জানান, তাঁর ছেলে ঢাকার যাত্রাবাড়ীর মুরাদপুর মাদ্রাসাতুল দারুল কুরআনে পড়াশোনা করে। গত শুক্রবার রাতে মাগরিবের নামাজ পড়তে যাওয়ার পর সে আর মাদ্রাসায় ফেরেনি। এরপর থেকে বিভিন্ন স্থানে খোঁজ করেও তার সন্ধান পাওয়া যায়নি। ছেলের সন্ধান পেতে সবার সহযোগিতা চেয়েছেন হাবিবুরের বাবা। এ বিষয়ে মনপুরা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাজহারুল ইসলাম বলেন, 'শিশু নিখোঁজের বিষয়ে কোনো অভিভাবক থানায় জানায়নি। তারপরও বিষয়টি খোঁজ নিয়ে দেখা হচ্ছে।'

নেপাল-তিব্বতে ভয়াবহ

বন্যার পর পঞ্চম দিনের মতো উদ্ধার অভিযান চলছে। তবে নতুন করে বন্যার আশঙ্কাও তৈরি হয়েছে। নেপালের ভুটেকোশি নদীর পানি বাড়তে থাকায় ক্ষতিগ্রস্ত এলাকার মানুষকে সতর্ক থাকতে বলা হয়েছে। উদ্ধারকাজে সবচেয়ে বড় বাধা হয়ে দাঁড়িয়েছে ভারী কাদা, ভূমিধস ও ক্ষতিগ্রস্ত যোগাযোগব্যবস্থা। পরিস্থিতি আরও খারাপ হলে নতুন করে বন্যা ও ভূমিধসের আশঙ্কা রয়েছে।

গৌরনদীতে বাস ও তেলবাহী লরির

মিজানুর রহমানের নেতৃত্বে দুটি উদ্ধারকারী ইউনিট ঘটনাস্থলে পৌঁছে। ফায়ার সার্ভিসের কর্মীরা স্থানীয়দের সহায়তায় আহতদের উদ্ধার করে গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠান। আহতরা হলেন, পারভীন (৩০), বেজগাতী, গৌরনদী; আব্দুর রহিম (৪৫), পটুয়াখালী; মাসুমা (৩০), পিঙ্গলাকাঠী; তুহিন (৯), শিশু; এবং আরও একজন। ফায়ার সার্ভিস ও স্থানীয় বাসিন্দা মো. হেলাল উদ্দিন জানান, দুর্ঘটনার পর দ্রুত উদ্ধার তৎপরতা চালানো হয়। এতে আহতদের দ্রুত হাসপাতালে নেওয়া সম্ভব হয়েছে। গৌরনদী হাইওয়ে থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মহসীন হোসেন জানান, দুর্ঘটনায় তেলবাহী লরির চালক আব্দুর রহিম শেখ নিহত হয়েছেন। এ ঘটনায় নিহতের পরিবারের পক্ষ থেকে মামলা দায়েরের প্রস্তুতি চলছে। বিষয়টি তদন্ত করে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে। দুর্ঘটনার কারণ তাৎক্ষণিকভাবে জানা যায়নি। এ বিষয়ে তদন্ত চলছে।

জলাবদ্ধতা নিরসন, রাস্তা সংস্কার, দান-অনুদানে

মানুষের একমাত্র ভরসা আবাসস্থল আতিক ওসমানী। এলাকার সাবেক জন প্রতিনিধিদের অবহেলায় পড়ে থাকা বেহাল অবস্থা থাকা রাস্তা গুলো সংস্কার কাজে ব্যস্ত রয়েছেন তিনি। লক্ষ লক্ষ টাকা ব্যয় করে রাস্তার সংস্কার কাজে যখন হাতছানি ঠিক তখনি এলাকাবাসীর মধ্যে রয়েছে তারই নামের জলপনা- কল্পনা। বিভিন্ন উন্নয়ন কাজে তিনি প্রশংসায় ভাসছেন স্থানীয়দের মাঝে। ওসমানগঞ্জ বিভিন্ন ওয়ার্ড ঘুরে দেখা গেছে, কাঁচা পাকা সড়কের মধ্যে রয়েছে বড় বড় খানাখন্দ। এসব খানাখন্দে কোথাও ফেলা হচ্ছে ইট কোথাও বালি। মাছ চাষের উপযোগী কিছু কাঁচা রাস্তায় ফালানো হয় কাঁচা মাটি। তাই এলাকার উন্নয়নের ছোঁয়ায় হারিয়ে যাচ্ছে যুবদল নেতা আতিক ওসমানি। এ যেনো দীর্ঘদিনের শ্বাস ও স্বস্তিতে ফিরেছ অবহেলিত গ্রামবাসী। গ্রামবাসীর মধ্যে অনেকে জানায়, দীর্ঘদিনের দীর্ঘ শ্বাসে নিজের অর্থায়নে ড্রেনেজ ব্যবস্থার মাধ্যমে গভীর পাইপ স্থাপন করে পানি নিষ্কাশনের ব্যবস্থা করেন এই নেতা। ওসমানগঞ্জ ইউনিয়নের রাস্তাঘাট সংস্কারের পাশাপাশি ইতোমধ্যে মাদক ইভটিজিং ও সন্ত্রাস চাঁদাবাজ মুক্ত মডেল ইউনিয়ন গঠনে সামাজিকভাবে প্রচারনাও চালিয়ে যাচ্ছেন তিনি। কৃষক শ্রমিক জেলে ও মাঝি মাল্লাসহ খেটে খাওয়া মেহনতী মানুষের মুখে হাসি ফোটানোর স্বপ্ন নিয়ে ইতিমধ্যে তিনি কাজ করে চলেছেন। চেয়ারম্যান পদে প্রার্থীতা ঘোষণা করে স্কুল কলেজ মসজিদ মাদ্রাসা এবং রাস্তাঘাটের উন্নয়নের প্রচারণায় মানুষের দ্বারে দ্বারে ছুটছেন। তিনি দীর্ঘদিন ইউনিয়ন যুবদলের সাবেক সাধারণ সম্পাদক ও সভাপতি ছিলেন। এই সুবাদে রাস্তার মোড়ে মোড়ে সকাল ও সন্ধ্যায় ছোট ছোট চায়ের দোকানে এলাকাবাসীর আড্ডায় জমে ওঠে তারই উন্নয়নের কথা। এলাকার এক চায়ের দোকানি রতন মিয়া জানান, সকাল সন্ধ্যা সব সময় আমি চা বিক্রি করি। আতিক ওসমানির উন্নয়নের ফসল হিসাবে তাকে আসন্ন ইউনিয়ন নির্বাচনে বিপুল ভোটের ব্যবধানে নির্বাচিত করাই হলো এলাকা বাসীর এখন নৈতিক দায়িত্ব। তা না হলে এলাকাবাসী ও সাধারণ মানুষ এই যুবনেতা আতিক ওসমানির কাছে চির ঋণী হয়ে থাকবে। আমরা চাই এই ভোটের মাধ্যমে তার এই উন্নয়নের ঋণের বোঝা পরিশোধ করতে। যুবনেতা আতিক ওসমানি বলেন, রাজনীতি মানে জনকল্যাণের রাজনীতি। কিন্তু আমরা দেখেছি, অনেকে স্বপ্নের প্রতিশ্রুতি দিয়ে ভোটাধিকার কেড়ে নিয়েছে। নির্বাচনে এলেই তারা শুধু প্রতিশ্রুতি দিয়েই ভোটাধিকার কেড়ে নেয়। এরপর কোন বিষয় তাদেরকে আর পাওয়া যায় না। ক্ষমতায় গিয়ে নিজের পকেট, নিজের পরিবার আর নিজের আত্মীয়-স্বজন নিয়েই ব্যস্ত থাকেন ঐসব প্রার্থীরা। আমি তাদের এই মিথ্যা ছলনাকে ঘৃণা করে কোমর বেধে জনকল্যাণকর কাজে নিজকে নিয়োজিত করে মানুষের মাঝে মানুষ হয়ে বাঁচতে চাই। আমি চাইনা মিথ্যা ছলনায় মানুষের ভোট কেড়ে নিতে। সাবেক জনপ্রতিনিধিরা গরিবের কষ্টের কথা তারা ভুলে গেছে। তাই নিজ উদ্যোগে আমি এলাকার কৃষকের পাশে থাকার চেষ্টা করছি। তিনি দৃঢ় কণ্ঠে আরও বলেন, আমার মুখে যা বলি, বুকে তা লালন করি। আমার প্রতিটি কথা, প্রতিটি স্বপ্ন শুধু আমার এলাকার মাটি ও মানুষের জন্য। আমি সম্পদ গড়তে আসিনি, মানুষের আস্থা অর্জন করতে এসেছি। আল্লাহ পাক আমাকে বাপ-দাদার অনেক সম্পদ দিয়েছে। জনগণের ভালোবাসা, জনগণের দোয়া আর জনগণের অস্তিত্বকে সমুন্নত রাখাই আমার রাজনীতির মূল মন্ত্র। ভোটারদের ভালোবাসা ও আল্লাহর রহমতে আমি কথা দিচ্ছি ওসমানগঞ্জ ইউনিয়নকে শিক্ষা, স্বাস্থ্য, রাস্তাঘাট ও কর্মসংস্থানে উপজেলার অন্যতম একটি আদর্শ মডেল ইউনিয়ন হিসেবে গড়বো। আমি অত্র ওসমানগঞ্জ এলাকার ঐতিহ্যবাহী দাওরা মৌলভী বাড়ির পরিবারের সন্তান। আমার নানা বৃহত্তম ওসমানগঞ্জ ইউনিয়নের একজন সফল চেয়ারম্যান ছিলেন। তাকে এলাকাবাসী এখনো ভুলেনি। তিনি হলেন বিশিষ্ট সমাজসেবক আ: লতিফ চেয়ারম্যান। তার বাড়ির সামনে তারই নামে একটি হাট বাজার গড়ে ওঠে। বাজারটির নাম লতিফ মিয়ার হাট। এখানে গড়ে ওঠে সেই চর আমলের দীর্ঘ বছরের একটি পোস্ট অফিস। বাজার সংলগ্ন একটি জামে মসজিদ, একটি আলিম মাদ্রাসা গড়ে ওঠে। যার নাম ওসমানগঞ্জ ইসলামিয়া আলিম মাদ্রাসা। এলাকাবাসীর জানে আমি নির্বাচন করতে এসেছি। তাদের উদ্দেশ্যে বলতে চাই। আমি আপনাদের সন্তানের মতো।আপনাদের ভাইয়ের মতো। তাই একটিবার আমাকে নির্বাচন করতে সুযোগ দিলে এই এলাকার মানুষের চাহিদা মত কাজ করার নিরলস চেষ্টা করব।

বাউফলে উপজেলা পরিষদে উন্নয়ন ও সমন্বয় কমিটির সভা -কীর্তনখোলা

চাঁদাবাজি মামলায় ইউনিয়ন বিএনপির

শেখকে ঢাকা থেকে এবং অপর তিনজনকে কদমতলা এলাকা থেকে গ্রেফতার করা হয়েছে। সালাম শেখ ছাড়া গ্রেফতার অপর তিনজনকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। সালাম শেখকে নিয়ে পুলিশ পিরোজপুরের উদ্দেশে রওনা হয়েছে। তাঁকে সোমবার আদালতে হাজির করা হবে। মামলার বাদী মো. জাকির হোসেন পিরোজপুর শহরের কুমারখালী এলাকার বাসিন্দা। রোববার তিনি সালাম শেখসহ ছয়জনের নাম উল্লেখ করে এবং অজ্ঞাতনামা আরও চার থেকে পাঁচজনকে আসামি করে পিরোজপুর সদর থানায় মামলা করেন। মামলার এজাহার সূত্রে জানা গেছে, কদমতলা ইউনিয়নে নির্মাণাধীন বিদ্যুৎ সাবস্টেশন গ্রিডে একটি ঠিকাদারি প্রতিষ্ঠানের সঙ্গে বালু ভরাটের কাজের চুক্তি করেন জাকির হোসেন। গত ১৩ আগস্ট থেকে তিনি সেখানে বালু ফেলার কাজ শুরু করেন। এজাহারে অভিযোগ করা হয়, কাজ শুরুর পর সালাম শেখ তাঁকে ওই কাজের অংশীদার হওয়ার জন্য চাপ দেন। এতে রাজি না হওয়ায় প্রতি ঘনফুট বালু ফেলার বিপরীতে এক টাকা করে চাঁদা দাবি করেন তিনি। বাদী চাঁদা দিতে রাজি না হলে সালাম শেখ ও তাঁর সহযোগীরা কদমতলা থেকে ঘ্যানোসা পর্যন্ত প্রায় এক কিলোমিটার বালু পরিবহনের পাইপ ক্ষতিগ্রস্ত করেন বলে এজাহারে উল্লেখ করা হয়েছে। এতে আনুমানিক দেড় লাখ টাকার ক্ষতি হয়েছে বলে দাবি করেছেন বাদী। মামলার পর পুলিশ অভিযান চালিয়ে সালাম শেখসহ চারজনকে গ্রেফতার করে। মামলার অপর আসামিদের গ্রেপ্তারে অভিযান চলছে বলে জানিয়েছে পুলিশ।

শুধু ইরানের নয়, যুক্তরাষ্ট্র-ইসরায়েল সব

উপসাগরীয় অঞ্চলের মুসলিম দেশগুলোর শাসকদের নিজেদের 'প্রকৃত শত্রু' চিহ্নিত করে তাদের ষড়যন্ত্র মোকাবিলার আহ্বান জানিয়েছেন তিনি। রোববার (৩০ আগস্ট) মুসলিম ঐক্য সপ্তাহ উপলক্ষে দেওয়া এক বার্তায় এসব কথা বলেন খামেনি। খবর প্রেস টিভির। বার্তায় ইরানের সর্বোচ্চ নেতা বলেন, মুসলিম উম্মাহর সমস্যার সমাধান নিহিত রয়েছে অভিন্ন লক্ষ্য, পারস্পরিক বন্ধুত্ব, কল্যাণ, ন্যায়বিচার ও সহযোগিতার মধ্যে। কিন্তু যুক্তরাষ্ট্রের 'অপরাধী শাসক' এবং 'অবৈধ ইহুদিবাদী শাসক' মুসলিমদের এই ঐক্য ও বন্ধুত্বের ঘোর বিরোধী। তিনি বলেন, 'তারা শুধু ইসলামি প্রজাতন্ত্র ইরান, ইরানি জনগণ কিংবা বৃহত্তর ইসলামি প্রতিরোধের শত্রু নয়; তারা পশ্চিম এশিয়া ও উত্তর আফ্রিকার দেশগুলোসহ পুরো মুসলিম উম্মাহর বিরোধী।' খামেনির ভাষ্য, এসব দেশের শাসকরাও যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিরোধিতার বাইরে নন। এমনকি যেসব সরকারকে ওয়াশিংটন ও তেল আবিবের মিত্র হিসেবে বিবেচনা করা হয়, তারাও আধিপত্যবাদী শক্তিগুলোর চাপ ও অসম্মানের মুখোমুখি হচ্ছেন। মুসলিমদের মধ্যে বিভেদ উসকে দেওয়াকে শত্রুদের সবচেয়ে বড় আশার জায়গা হিসেবে উল্লেখ করেন খামেনি। তিনি বলেন, মতাদর্শগত ও ধর্মীয় পার্থক্যের পাশাপাশি জাতিগত, সাংস্কৃতিক, সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও ভৌগোলিক পার্থক্যকেও মুসলিম জনগোষ্ঠীর মধ্যে বিভেদ তৈরিতে কাজে লাগানো হচ্ছে। তার মতে, মুসলিম উম্মাহকে খণ্ড-বিখণ্ড করে ধীরে ধীরে তাদের শক্তি দুর্বল করা এবং উপযুক্ত সময়ে তাদের ওপর আধিপত্য প্রতিষ্ঠাই শত্রুদের লক্ষ্য। মুসলমানদের মধ্যে বিভেদ বা বিরোধ সৃষ্টি করে এমন যেকোনো কর্মকাণ্ডের বিরুদ্ধেও সতর্কবার্তা দেন তিনি। খামেনি বলেন, যে ব্যক্তি যে অবস্থানেই থাকুন না কেন, মুসলমানদের মধ্যে বিভেদ সৃষ্টির কোনো পদক্ষেপ নিলে তিনি জেনে বা না জেনে, ইচ্ছায় বা অনিচ্ছায় ইসলামবিরোধী শত্রুদের লক্ষ্য বাস্তবায়নে সহায়তা করছেন। বর্তমান পরিস্থিতিতে এ ধরনের কর্মকাণ্ডকে শুধু অজ্ঞতা বা অসতর্কতার ফল হিসেবে দেখার সুযোগ নেই বলেও মন্তব্য করেন তিনি। খামেনির দাবি, বিশ্বের অত্যাচারী শক্তিগুলো, বিশেষ করে যুক্তরাষ্ট্র, এখন তাদের ঔপনিবেশিক ও আধিপত্যবাদী উদ্দেশ্য আর গোপন করছে না। মুসলিমদের সাম্প্রতিক ঘটনাবলি আরও গভীরভাবে পর্যালোচনার আহ্বান জানিয়ে খামেনি প্রশ্ন তোলেন, মুসলমানরা ঐক্যবদ্ধ থাকলে ফিলিস্তিনি জনগণ কি দখলদারদের নিপীড়ন ও অপরাধের সামনে এতটা অসহায় হয়ে পড়ত? পারস্য উপসাগরীয় অঞ্চলের প্রসঙ্গ টেনে তিনি বলেন, ওই অঞ্চলের জনগণ ও সরকারগুলো ইসলামি ঐক্যের ভিত্তিতে একত্রিত হলে হাজার হাজার কিলোমিটার দূর থেকে আসা কোনো 'মূলহীন ও দুর্নীতিগ্রস্ত গোষ্ঠী' তাদের ভূখণ্ড ও সম্পদের দিকে লোভাতুর দৃষ্টিতে তাকানোর সাহস পেত কি না, তা মুসলমানদের ভেবে দেখা উচিত। ইসলামের শিক্ষা থেকে মুসলিমদের জন্য তিনটি গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরেন ইরানের সর্বোচ্চ নেতা। প্রথমত, ঐক্য বজায় রাখা এবং বিভেদ এড়িয়ে চলা। দ্বিতীয়ত, অবিশ্বাস ও হুমকির বিরুদ্ধে একে অন্যকে রক্ষা করা। তৃতীয়ত, সম্পদ, নিরাপত্তা, জ্ঞান ও অগ্রগতিসহ মুসলমানদের বস্তুগত ও আধ্যাত্মিক জীবনের বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা ও সমন্বয় বাড়ানো। খামেনি বলেন, গর্বিত ও শক্তিশালী ইসলামি সভ্যতা প্রতিষ্ঠার মৌলিক ভিত্তি হলো মুসলমানদের ঐক্য। মুসলিম ঐক্য প্রতিষ্ঠার মধ্য দিয়েই একটি নতুন ইসলামি সভ্যতার পথ তৈরি হতে পারে।

শিগগিরই পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের কৌশলগত

নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েনের সাক্ষাতে এ বিষয়ে আলোচনা হয়। প্রতিমন্ত্রী চীনকে বাংলাদেশের বিশ্বস্ত বন্ধু ও গুরুত্বপূর্ণ কৌশলগত অংশীদার হিসেবে অভিহিত করেন এবং 'এক-চীন নীতি'র প্রতি বাংলাদেশের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। প্রধানমন্ত্রী তারেক রহমানের সাম্প্রতিক সফল চীন সফরের পর দ্বিপাক্ষিক সম্পর্কের নতুন গতি সঞ্চার এবং বাংলাদেশ-চীন সম্পর্ককে 'চীন-বাংলাদেশ যৌথ ভবিষ্যতের কমিউনিটি' পর্যায়ে উন্নীত করার বিষয়ে তিনি সন্তোষ প্রকাশ করেন। রাষ্ট্রদূত প্রতিমন্ত্রীকে তার দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন জানান এবং বাংলাদেশ ও চীনের মধ্যকার দীর্ঘস্থায়ী ও ঘনিষ্ঠ সম্পর্ককে আরও এগিয়ে নিতে তার সহযোগিতা কামনা করেন। তিনি চীনের নির্বাহী উপ-পররাষ্ট্রমন্ত্রীর পক্ষ থেকেও প্রতিমন্ত্রীকে শুভেচ্ছা জানান। রাষ্ট্রদূত প্রধানমন্ত্রীর সাম্প্রতিক চীন সফরের ফলাফল ও অগ্রগতি সম্পর্কে প্রতিমন্ত্রীকে অবহিত করেন। এর মধ্যে রয়েছে- 'চীন অর্থনৈতিক ও শিল্প অঞ্চল'-এর ভিত্তিপ্রস্তর স্থাপন, মোংলা বন্দর আধুনিকীকরণের বাণিজ্যিক চুক্তি স্বাক্ষর এবং মোংলা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল প্রতিষ্ঠার বিষয়ে সম্ভাব্য সহযোগিতা। তিনি উল্লেখ করেন যে, রয়েছে- 'চীন অর্থনৈতিক ও শিল্প অঞ্চল'-এ প্রায় ৫০০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগসহ প্রায় ৩০টি চীনা কোম্পানি আকৃষ্ট হবে বলে আশা করা হচ্ছে, যা স্থানীয় বাংলাদেশিদের জন্য আনুমানিক ১ লাখ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে। উভয় পক্ষ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়েও আলোচনা করে, যার মধ্যে রয়েছে তিস্তা নদী সমন্বিত ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার বিষয়ে সহযোগিতা, পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের কৌশলগত সংলাপ দ্রুত শুরু করা এবং প্রতিমন্ত্রী পর্যায়ের কূটনীতি ও প্রতিরক্ষা সংলাপের সূচনা। এ ছাড়া, তারা বাংলাদেশ থেকে চীনে কাঁঠাল ও পেয়ারা রপ্তানির প্রক্রিয়া শুরু করা, চীন-বাংলাদেশ-মিয়ানমার অর্থনৈতিক করিডোর এবং রোহিঙ্গা ইস্যুতে সহযোগিতার বিষয়েও আলোচনা করেন। রাষ্ট্রদূত প্রতিমন্ত্রীকে আসন্ন উচ্চপর্যায়ের সফর ও বিনিময় কার্যক্রম সম্পর্কেও অবহিত করেন। এর মধ্যে রয়েছে 'চীন আন্তর্জাতিক উন্নয়ন সহযোগিতা সংস্থা'-এর ভাইস প্রেসিডেন্ট, চীনা কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিভাগের মন্ত্রী এবং ইউনান প্রদেশের নির্বাহী ভাইস গভর্নরের পরিকল্পিত বাংলাদেশ সফর। রাষ্ট্রদূত প্রতিমন্ত্রীকে চলতি বছরের অক্টোবরে চীন সফরের আমন্ত্রণ জানান।

মুলাদীতে নিখোঁজ শিশুর

শনিবার বিকেল ৪টার দিকে সে নিখোঁজ হয়েছিল। ?জাফরিন (১৫ মাস) মুলাদী পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের চরডিক্রী গ্রামের মোল্লা ব্রিজ এলাকার মো. জয় মোল্লার মেয়ে। পরিবার নিয়ে তারা ঢাকায় বসবাস করতেন। গত ২৬ আগস্ট ঢাকা থেকে মুলাদী উপজেলার গাছুয়া ইউনিয়নের হোসনাবাদ বাঁশতলা এলাকায় শিশুটি তার মায়ের সঙ্গে নানা রতন আকনের বাড়িতে বেড়াতে যায়। ?পারিবারিক সূত্রে জানা গেছে, শনিবার বিকেল ৪টার দিকে নানাবাড়ির আঙিনায় খেলার সময় হঠাৎ নিখোঁজ হয় শিশু জাফরিন। সম্ভাব্য বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি করে তাকে না পেয়ে স্বজনরা ধারণা করেন, শিশুটি বাড়ির পার্শ্ববর্তী পদ্মারহাট খালে পড়ে থাকতে পারে। এরপরই মুলাদী ফায়ার সার্ভিসকে বিষয়টি অবহিত করা হয়। ?সংবাদ পেয়ে শনিবার বিকেল সাড়ে ৫টার দিকে বরিশাল ফায়ার সার্ভিস থেকে একটি ডুবুরি দল ঘটনাস্থলে পৌঁছে নিখোঁজ শিশুটিকে উদ্ধারে খালে তল্লাশি শুরু করে। রোববার বেলা ১১টার দিকে ফায়ার সার্ভিসের ডুবুরি দল উদ্ধারকাজ বন্ধ করে ফিরে যায়। শিশুটির স্বজন কাওসার মোল্লা জানান, প্রায় দেড় কিলোমিটার দূরে জাফরিনের মরদেহ ভাসতে দেখে স্থানীয়রা সংবাদ দেন। পরে সেখান থেকে উদ্ধার করা হয়। ?মুলাদী ফায়ার সার্ভিসের দলনেতা (টিম লিডার) আবুল হোসেন জানান, খবর পাওয়ার পর থেকেই ডুবুরি দল শনিবার রাতে ও রোববার বেলা ১১টা পর্যন্ত উদ্ধারকাজ পরিচালনা করেছে। নিখোঁজের দুই দিকে ১ কিলোমিটার করে প্রায় ২ কিলোমিটার তল্লাশি করা হয়েছে। কিন্তু স্রোতে শিশুটির মরদেহ প্রায় দেড় কিলোমিটার দূরে চলে গিয়েছিল।

ঝালকাঠিতে ৩ হাজার কেজি নিষিদ্ধ পলিথিন জব্দ

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠি শহরের কাঠপট্টি এলাকায় অভিযান চালিয়ে ৩ হাজার ২৭২ কেজি নিষিদ্ধ পলিথিন শপিং ব্যাগ জব্দ করেছে পরিবেশ অধিদপ্তর। এ ঘটনায় এক ব্যবসায়ীকে ১০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। রোববার দুপুরে পরিবেশ অধিদপ্তরের ঝালকাঠি জেলা কার্যালয় ও জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী পলিথিন শপিং ব্যাগের বিরুদ্ধে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে নেতৃত্ব দেন জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. খালিদ সাইফুল্লাহ। এ সময় পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক আনজুমান নেছাসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অভিযান সূত্রে জানা যায়, কাঠপট্টি এলাকার একটি দোকানে নিষিদ্ধ পলিথিন শপিং ব্যাগ মজুত ও বিক্রি করা হচ্ছিল। পরে সেখানে অভিযান চালিয়ে আনুমানিক ৩ হাজার ২৭২ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। এ ঘটনায় একটি মামলা করা হয় এবং দোকানমালিক সাইফুল ইসলামকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। জরিমানার অর্থ তাৎক্ষণিকভাবে আদায় করা হয়েছে। সাইফুল ইসলাম কাঠপট্টি এলাকার বাসিন্দা মাহফুজুর রহমানের ছেলে। পরিবেশ অধিদপ্তর ঝালকাঠি কার্যালয়ের সহকারী পরিচালক আনজুমান নেছা বলেন, পরিবেশ দূষণ রোধে নিষিদ্ধ পলিথিনের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ সোমবার ॥ ৩১ আগস্ট ২০২৬ ॥ ১৭ ভাদ্র ১৪৩৩

শিগগিরই পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের কৌশলগত সংলাপ চায় বাংলাদেশ-চীন

কীর্তনখোলা রিপোর্ট

বাংলাদেশ ও চীন শিগগিরই পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের কৌশলগত সংলাপ ও প্রতিমন্ত্রী পর্যায়ের কূটনীতি এবং প্রতিরক্ষা সংলাপ শুরু করতে চায়। রোববার (৩০ আগস্ট) পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির ও বাংলাদেশে ৩ এর পাতায় দেখুন

শুধু ইরানের নয়, যুক্তরাষ্ট্র-ইসরায়েল সব মুসলমানের শত্রু: মোজতবা খামেনি

কীর্তনখোলা রিপোর্ট

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের 'অপরাধী শাসকরা' শুধু ইরানের জনগণের শত্রু নয়, তারা পুরো মুসলিম উম্মাহর বিরুদ্ধেই অবস্থান নিয়েছে বলে মন্তব্য করেছেন ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি। একই সঙ্গে পশ্চিম এশিয়া ও পারস্য ৩ এর পাতায় দেখুন

আমতলীতে কাজ চলমান অবস্থায় ১২'কোটি টাকার ওয়াকওয়ের ড্রোপ ওয়ালে ধস

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলীতে বিশ্ব ব্যাংকের অর্থায়ণে ১২ কোটি ৫৬ লাখ ৯৮ হাজার ৩২৩ টাকার কাজের আমতলী পৌরসভার কেন্দ্রীয় লেক সৌন্দর্য বর্ধণের প্রকল্পের কাজে অনিয়মের অভিযোগ রয়েছে। রবিবার শ্রমিকরা লেকের ওয়াকওয়ে কাজ করতে গেলে ড্রোপওয়াল ধসে পরেছে। ঠিকাদার সাবেক মেয়র ও নিষিদ্ধ ঘোষিত আমতলী উপজেলা আওয়ামীলীগ সভাপতি মোঃ মতিয়ার রহমান নিম্নমানের কাজ করায় এমন অবস্থা হয়েছে বলে স্থানীয়দের অভিযোগ। দ্রুত তদন্ত করে ঠিকাদার মতিয়ার রহমানের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার দাবী তাদের। জানাগেছে, আমতলী পৌরসভা কেন্দ্রীয় লেকের সৌন্দর্য বর্ধণে বিশ্বব্যাংকের অর্থায়নে ২০২৩-২৪ অর্থ বছরে ১২ কোটি ৫৬ লাখ ৯৮ হাজার ৩২৩ টাকা ব্যয়ে এলজিসিআরআরপি প্রকল্প হাতে নেয় স্থানীয় সরকার মন্ত্রনালয়। ২০২৪ সালের এপ্রিল মাসে আমতলী পৌর মেয়র মতিয়ার রহমান গোপনে এ কাজের দরপত্র ৩ এর পাতায় দেখুন

চাঁদাবাজি মামলায় ইউনিয়ন বিএনপির সভাপতি-ছাত্রদল নেতাসহ গ্রেফতার ৪

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর সদর উপজেলার কদমতলা ইউনিয়ন বিএনপির সভাপতি সালাম শেখসহ ছাত্রদল ও শ্রমিক দলের তিন নেতাকে চাঁদাবাজির মামলায় গ্রেফতার করেছে পুলিশ। রোববার (৩০ আগস্ট) সালাম শেখকে ঢাকার একটি এলাকা থেকে এবং অপর তিনজনকে পিরোজপুর সদর উপজেলার কদমতলা এলাকা থেকে গ্রেফতার করা হয়। গ্রেফতার অন্য তিনজন হলেন কদমতলা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি হাসিব শেখ, ইউনিয়ন শ্রমিক দলের সাধারণ সম্পাদক রাজু শেখ এবং ইউনিয়ন শ্রমিক দলের সাবেক সভাপতি আশরাফুল। পিরোজপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শরিফুল ইসলাম গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করে বলেন, চাঁদাবাজির একটি মামলায় সালাম ৩ এর পাতায় দেখুন

জলাবদ্ধতা নিরসন, রাস্তা সংস্কার, দান-অনুদানে প্রশংসায় ভাসছে যুবনেতা আতিক ওসমানী

চরফ্যাশন প্রতিনিধি

নির্বাচনকে সামনে রেখে উপজেলার বিভিন্ন ইউনিয়নে সড়ক ও জনপদ সংস্কার কাজে ব্যস্ত রয়েছেন আসন্ন ইউনিয়নের সম্ভাব্য প্রার্থীরা। তারই ধারাবাহিকতায় দির্ঘ বছর ধরে আটকে থাকা জলাবদ্ধতায় শতশত হেক্টর জমির ফসলের ক্ষতির মুখে পড়ে স্থানীয়রা। দীর্ঘদিনের ক্ষতির আশংকা থেকে মুক্ত করে দিলেন যুবদলের সাবেক সভাপতি আতিক ওসমানি। অসহায় জনগনের পাশে তিনি নিজকে নিয়োজিত করতে পারলেই মহা খুশি। এলাকায় গরিব দুঃখী মানুষের বিয়ে, জন্ম, মৃত্যুতে কোনমতে সংবাদ পেলেই নিজের অর্থায়নে নিজকে বিলিয়ে দেন এ নেতা। শুধু তা'ই নয়, এলাকার গরিব দুখী ছিন্নমূল ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে বাস ও তেলবাহী লরির মুখোমুখি সংঘর্ষ: নিহত ১, আহত ৫

গৌরনদী প্রতিনিধি

গৌরনদী উপজেলার বার্থী বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় সাকুরা পরিবহনের একটি যাত্রীবাহী বাস ও তেলবাহী লরির মুখোমুখি সংঘর্ষে লরিচালক নিহত হয়েছেন। এ ঘটনায় আরও পাঁচজন আহত হয়েছেন। রোববার (৩০ আগস্ট) সকাল সাড়ে ৭টার দিকে বার্থী বাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে। গৌরনদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সূত্রে জানা যায়, সকালে ঢাকার উদ্দেশে ছেড়ে আসা সাকুরা পরিবহনের একটি বাস (ঢাকা মেট্রো-ব-১২-২০৯৬) বার্থী বাজার এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা বরিশালগামী মেসার্স তামিম ফুয়েল সাপ্লাইয়ের একটি তেলবাহী লরির (ফরিদপুর-ঢ-৪১০০০৪) সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষের ফলে বাস ও লরির সামনের অংশ দুমড়ে-মুচড়ে যায়। এতে বাসের যাত্রীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। দুর্ঘটনায় পাঁচজন আহত হন। একই ঘটনায় লরিচালক আব্দুর রহিম শেখ গুরুতর আহত হন। পরে তাঁর মৃত্যু হয়। খবর পেয়ে গৌরনদী ফায়ার সার্ভিস স্টেশনের স্টেশন অফিসার ৩ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে ৫ কেজি গাঁজা ও ৫০ পিস ইয়াবাসহ গ্রেফতার ৪

নুরে রাব্বি নাঈম, মেহেন্দিগঞ্জ

মেহেন্দিগঞ্জে মাদকের বিরুদ্ধে বড় ধরনের সাফল্য পেয়েছে পুলিশ। রাতভর অভিযান চালিয়ে ৫ কেজি গাঁজা, ৫০ পিস ইয়াবা ট্যাবলেট ও মাদক বিক্রির নগদ টাকাসহ ৪ কুখ্যাত মাদক কারবারিকে গ্রেফতার করেছে মেহেন্দিগঞ্জ থানা পুলিশ। *ইং ৩০/০৮/২০২৬ তারিখ ভোর ৪টা ৪৫ মিনিটে* মেহেন্দিগঞ্জ থানাধীন দক্ষিণ উলানিয়া ইউনিয়নের রাজাপুর এলাকায় এ অভিযান পরিচালিত ৩ এর পাতায় দেখুন

মুলাদীতে নিখোঁজ শিশুর মরদেহ উদ্ধার

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদীতে নানাবাড়িতে বেড়াতে গিয়ে নিখোঁজের ২৬ ঘণ্টা পর শিশু সিদরাতুল মুনতাহা জাফরিনের ভাসমান মরদেহ উদ্ধার করেছেন স্বজন ও স্থানীয়রা। রোববার সন্ধ্যা ৬টার দিকে গাছুয়া ইউনিয়নের পদ্মারহাটের খালের কুব্বাত ব্যাপারীর বাড়ির সামনে থেকে এই মরদেহ উদ্ধার করা হয়। নিখোঁজের স্থান থেকে প্রায় দেড় কিলোমিটার দূরে শিশুটির মরদেহ ভেসে ওঠে বলে জানান স্থানীয়রা। ৩ এর পাতায় দেখুন

২১ বছরের সাজা এড়াতে ১০ বছর আত্মগোপন

কীর্তনখোলা রিপোর্ট

দীর্ঘ ১০ বছর আত্মগোপনে থেকেও শেষ রক্ষা পেলেন না চাঞ্চল্যকর অস্ত্র মামলায় ২১ বছরের কারাদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি মো. সোলাইমান হাওলাদার। তথ্যপ্রযুক্তির সহায়তায় তাকে রাজধানীর মোহাম্মদপুর এলাকা থেকে গ্রেফতার করেছে র‍্যাব-৮। শনিবার (২৯ আগস্ট) রাত পৌনে ২টার দিকে র‍্যাব-২ এর সহযোগিতায় মোহাম্মদপুর থেকে র‍্যাব-৮ এর সদর কোম্পানির একটি টিম তাকে গ্রেফতার করে। গ্রেফতার সোলাইমান হাওলাদার (৪১) বরিশালের মুলাদী উপজেলার জালালাবাদ লক্ষ্মীপুর গ্রামের মৃত জয়নাল আবেদীনের ছেলে। বরিশাল র‍্যাব-৮ ৩ এর পাতায় দেখুন

নেপাল-তিব্বতে ভয়াবহ বন্যায় মৃত বেড়ে ৭৫০

কীর্তনখোলা রিপোর্ট

নেপাল ও চীনের তিব্বত সীমান্তে ভয়াবহ বন্যা ও ভূমিধসে মৃতের সংখ্যা বেড়ে ৭৫০ জনে দাঁড়িয়েছে। রোববার পর্যন্ত নেপালে ৭৩৪ জনের মৃত্যুর খবর জানিয়েছে দেশটির দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ। নিখোঁজ রয়েছেন আরও ২ হাজার ৪৯৮ জন। এদিকে চীনের তিব্বতে আরও ১৬ জনের মৃত্যু হয়েছে। সেখানে ৫৪৬ জন এখনো নিখোঁজ রয়েছেন। সব মিলিয়ে নেপাল ও তিব্বতে মৃতের সংখ্যা ৭৫০ এবং নিখোঁজের সংখ্যা ৩ হাজার ৪৪ জন। বুধবারের ভয়াবহ ৩ এর পাতায় দেখুন

মনপুরায় নিখোঁজ দুই শিশু উদ্ধার এখনো সন্ধান মেলেনি ১৩ বছরের হাবিবুরের

মনপুরা প্রতিনিধি

ভোলার মনপুরায় নিখোঁজের এক দিন পর দুই শিশুকে উদ্ধার করা হয়েছে। তবে নিখোঁজ হওয়ার দুই দিন পেরিয়ে গেলেও হাবিবুর রহমান (১৩) নামে আরেক শিশুর সন্ধান মেলেনি। তাকে খুঁজে না পাওয়ায় উদ্বিগ্ন হয়ে পড়েছেন স্বজনেরা। এ ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। রোববার (৩০ আগস্ট) সকাল সাড়ে ১০টার দিকে উদ্ধার হওয়া দুই শিশুর অভিভাবক ও নিখোঁজ হাবিবুরের পরিবারের সদস্যরা এসব তথ্য জানান। উদ্ধার হওয়া দুই শিশু হলো মনপুরা উপজেলার উত্তর সাকুচিয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের মো. নাজিমুদ্দিন মঞ্জুর ছেলে জুনায়েদ (১২) এবং একই এলাকার মো. নাজিমুদ্দিনের ছেলে আরাফাত (১২)। অপর নিখোঁজ শিশু হাবিবুর রহমান (১৩) উত্তর সাকুচিয়া ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মো. কামালের ছেলে। পরিবার সূত্রে জানা যায়, জুনায়েদ ৩ এর পাতায় দেখুন

বিএনপি নেতা ইসহাক হত্যা মামলায় সাবেক এমপি শাহজাহান ওমর গ্রেফতার

কীর্তনখোলা ডেস্ক

ঢাকার আদাবর এলাকায় ছাত্র-জনতার আন্দোলন চলাকালে বিএনপি নেতা ইসহাক জোমাদ্দারকে গুলি করে হত্যার মামলায় ঝালকাঠি-১ আসনের সাবেক সংসদ সদস্য ব্যারিস্টার মুহাম্মদ শাহজাহান ওমরকে গ্রেফতার দেখানোর আদেশ দিয়েছে আদালত। ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মাহবুব আলম রবিবার এই আদেশ দেন। এর আগে মামলার তদন্ত কর্মকর্তা আদাবর থানার উপপরিদর্শক (এসআই) মহেশ চন্দ্র সিংহ শাহজাহান ওমরকে এই মামলায় সন্দিগ্ধ আসামি হিসেবে গ্রেফতার দেখানোর আবেদন ৩ এর পাতায় দেখুন

বাউফলে উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভা

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে উপজেলা পরিষদে উন্নয়ন ও সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার (৩০ আগস্ট) বেলা ১১টায় উপজেলা পরিষদ মিলনায়তনে সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সালেহ আহম্মেদ সভাপতিত্বে সভায় উপজেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ৩ এর পাতায় দেখুন

২৯ দিনে রেমিট্যান্স এলো ২৬৬ কোটি ৯০ লাখ ডলার

কীর্তনখোলা রিপোর্ট

চলতি আগস্ট মাসের ২৯ দিনে দেশে ২৬৬ কোটি ৯০ লাখ মার্কিন ডলারের রেমিট্যান্স পাঠিয়েছেন প্রবাসী বাংলাদেশিরা। বর্তমান বিনিময় হার অনুযায়ী প্রতি ডলার ১২৩ টাকা ধরে স্থানীয় মুদ্রায় এর পরিমাণ ৩২ হাজার ৮২৮ কোটি ৭০ লাখ টাকা। বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান রোববার (৩০ আগস্ট) এ তথ্য জানান। ৩ এর পাতায় দেখুন

হিজলা পল্লী বিদ্যুৎ সমিতির বিরুদ্ধে গ্রাহকের অভিযোগ

হিজলা প্রতিনিধি

বরিশালের হিজলা পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন এক গ্রাহকের বিদ্যুৎ বিল নিয়ে অসঙ্গতির অভিযোগ উঠেছে। গ্রাহকের দাবি, তার মিটারের রিডিংয়ে কোনো ইউনিট ব্যবহার না থাকলেও বিলের হিসাবে অতিরিক্ত ইউনিট যোগ করা হয়েছে। অভিযোগকারী জানান, ০৫/০৮/২০২৬ তারিখের মিটার রিডিংয়ে বর্তমান ইউনিট ১৬৮০ এবং পূর্ববর্তী ইউনিট ১৬৮০ দেখানো হয়েছে। একইভাবে ০৩/০৯/২০২৬ তারিখের রিডিংয়ের বর্তমান ও পূর্ববর্তী ইউনিট ১৬৮০ দেখানো হয়েছে। অর্থাৎ প্রদর্শিত রিডিং অনুযায়ী ব্যবহারের হিসাব শূন্য থাকার কথা। কিন্তু এর মধ্যবর্তী হিসাবে ৫৮ ও ৬০ ইউনিট কীভাবে যুক্ত হলো এ নিয়ে প্রশ্ন তুলেছেন ওই গ্রাহক। গ্রাহকের প্রশ্ন, মিটারের প্রকৃত রিডিং ও বিদ্যুৎ বিলের হিসাবের মধ্যে এই পার্থক্যের কারণ কী? এটি কারিগরি বা হিসাব গত ভুল, নাকি বিল প্রস্তুতের ক্ষেত্রে কোনো অনিয়ম তা সঠিকভাবে তদন্তের ৩ এর পাতায় দেখুন

বাউফলে যুবদল নেতাকে কুপিয়ে হাতের রগ কর্তন

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফলে রমিজ মৃধা (৩৫) নামে এক যুবদল নেতাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হাতের রগ কেটে দেওয়ার অভিযোগ উঠেছে জিসান মৃধা (২০) নামে এক তরুণের বিরুদ্ধে। শনিবার (২৯ আগস্ট) রাতে উপজেলার চন্দ্রদ্বীপ ইউনিয়নের চরকচুয়া গ্রামে এই ঘটনা ঘটে। হামলার শিকার রমিজ মৃধা চন্দ্রদ্বীপ ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ড যুবদলের সাধারণ সম্পাদক। তিনি চরকচুয়া গ্রামের মৃত পঞ্চম আলী মৃধার ছেলে। পুলিশ ও স্থানীয় সূত্রে ৩ এর পাতায় দেখুন

চাঁদাবাজি মামলায় বহিষ্কৃত যুবদল নেতা রাসেল গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল দক্ষিণ জেলা যুবদলের আওতাধীন সদর উপজেলা যুবদলের বহিষ্কৃত নেতা মেহেদী হাসান রাসেলকে চাঁদাবাজি মামলায় গ্রেফতার করেছে বন্দর থানা পুলিশ। শনিবার দিবাগত রাত সাড়ে ৩টার দিকে বরিশাল বিশ্ববিদ্যালয় এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। রাসেল গ্রেফতারের খবর ছড়িয়ে পড়লে স্থানীয়দের মধ্যে স্বস্তি দেখা দেয়। এ সময় এলাকাবাসীর কেউ কেউ মিষ্টি বিতরণ করেন বলে জানা গেছে। স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিন ধরে এলাকায় চাঁদাবাজি, মাদক ব্যবসা, খাসজমির ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা। সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা। সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com